			চক মিটৌর পং উকরি	মোক্তফর হোসেন ওগয়রহ ...	১২৩৮৵৪	৩৫৪/২	ঐ উদিত সিং তাহার পরলোকের পর যোগী সিং শরিয়া সিংতিনুসিং ডহরণ সিং ও ঘাঁটো সিং অজ্ঞ ঐ ঐ ঐ পুনিত সিং তাহার পরলোকের পর ডিঙ্গী সিং রেওয়া সিং পিরিথি সিং গুরুদয়াল সিং অজ্ঞ ঐ ঐ ঐ দেবী সিং তাহার পরলোকের পর লালজি সিং ও রেওয়া সিং অজ্ঞ ঐ ঐ ঐ বেবিন সিং তাহার পরলোকের পর চুলহন সিং অজ্ঞ ঐ ঐ ঐ কোমল সিং তাহার পরলোকের পর জয়নারায়ণ সিং অজ্ঞ ঐ ঐ ঐ অজিত সিং তাহার পরলোকের পর যোধন সিং অজ্ঞ ঐ ঐ

SYED AZIMOODDEEN HOSSEIN, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ১২ জানুআরি।]

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মহালাৎ সন ১৮৪৬ ইঙ্গরেজীর লাং কিস্তি নবেম্বরের পাওনা বাকি মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকি মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৪৭ ইং ৩০ জানুআরি মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ১৮ মাঘ রোজ শনিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইং ২ জানুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকি খাজানা লাং কিং নবেম্বর সন ১৮৪৬ ইং	কৈফিয়ৎ
১	ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল	৪৪	পং বরদা খাত হিং ॥৵১৩।—ক্রান্ত নীলাম খরিদা জমীদারী শ্রীযুত কোম্পানি বাহাদুর মধ্যে বর হিস্যার অন্তঃপাতি মৌজে বাজে বিশাড়ার ও মৌং ভাঙ্গা নগর ও মৌং পীপরিয়া ও মৌং কালীসীমা মধ্যে ব্রহ্মোত্তর কালিদাস শর্ম্মা ও রামদাস শর্ম্মা ও বৈদ্যনাথ শর্ম্মা	কালিদাস শর্ম্মা ও রামদাস শর্ম্মা ও গঙ্গা গোবিন্দ শর্ম্মা ও শ্রীমতী মাহেশ্বরী দেব্যা	১৫ ॥২	৮ঌ	

H. C. METCALFE, *Collector.*

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মহালাৎ সন ১২৫৩ বাঙ্গলার লাং কিস্তি অগ্রহায়ণের পাওনা বাকি মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকি মালগুজারির ন্যায় আদায়করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৪৭ ইং ৩০ জানুআরি মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলার ১৮ মাঘ রোজ শনিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইং তারিখ ২ জানুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকি খাজানা লাং কিং অগ্রহায়ণ সন ১২৫৩ বাঙ্গলা	কৈফিয়ৎ
১	ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল	৩১০	পং সতর খণ্ডল তাং মুরাদবক্স মুং আছাদউল্লা	মহামুদবক্স	২৩ ।৶৬	১৪ ।৫	
	ঐ	৭৭৫	তং ফরকাবাদ তাং আজিজউল্লা মুং মহামুদ রফী আমলে হিং ৶৫ গণ্ডা কৃষ্ণ রঘুনাথ	পানাউল্লা	১৫ ॥০	৯॥৴৭	
	ঐ	৮৮১	পং গুনানন্দী তাং দয়ারাম মুং হিং ৵৩। কড়া চাং রামদেব দাস	দীনবন্ধু চাটুর্য্যা কেবলকৃষ্ণ চাটুর্য্যা	২৩ ॥৪	১২ ।৪	

H. C. METCALFE, *Collector.*

এতলানামা কাছারি কালেক্টরী জিলা বাকরগঞ্জ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ ইং সনের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাত সন ১২৫৩ বাঙ্গলার লাগায়ত কিস্তী অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করার হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৪৭ ইংরেজি ২৫ মাহে জানুআরি মোতাবেক সন ১২৫৩ বাঙ্গলা ১৩ মাহে মাঘ রোজ সোমবার এই কালেক্টরি কাছারিতে বিনাওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৪৭ ইং তাং ৪ জানুআরি মোং সন ১২৫৩ বাং তাং ২১ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা কোম্পানি	বাকী লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৩ বাং	মন্তব্য কথা।
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল ...	২৫৮৯	খারিজা তপ্পে লক্ষি দিয়া রাম নারায়ণ সেন তালুক	রামনিধি চক্রবর্ত্তী ...	৩৬৮১০	১৪৲	ষোল আনা মহাল নীলাম বিক্রয় হইবেক ইতি।
ঐ	ঐ	২৯৫১	খারিজা পরগনে উত্তর সাহা বাজপুর রামপ্রসাদ শর্ম্মা তালুক	রামপ্রসাদ শর্ম্মা ...	১৪॥৴৮	৬৲	ঐ
২	ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল ...	৪	উক্ত পরগনে সিলেমাবাদ চক জিউল মারিপত্তী তালুক আবদুল খানক চৌধুরী ও কালীপ্রসাদ ঘোষ	কালীপ্রসাদ ঘোষ ও আবদুল খানক চৌধুরী ...	ইস্তক সন ১২৫৩ বাং লাং সন ১২৫৪ বাং ফি সন ... ... ১৩৮৸/৩ সন ১২৫৫ সাল ১৮১ ৷৵৫ সন ১২৫৬ সাল ২০৯৸৫ সন ১২৫৭ সাল ২২৩৸৵৫ ইং সন ১২৫৮ বাং লাং সন ১২৬১ সাল ফিসন ২৩৮৵৫ সন ১২৬২ সাল ৪০১॥৴৬ সন ১২৬৩ সাল ৫১০॥৴৬ সন ১২৬৪ সাল ৫৬৫৴৮ সন ১২৬৫ সাল ও হর সাল ৬১৯৸০	২০৲	এই মহাল সুন্দরবনের কমিসনরি মহকুমাহইতে রসদী জমাতে সন ১২৫২ বাং ইস্তক বন্দবস্ত হইয়া রাজস্ব শাসন নিমিত্তে ডৌলের নকল অত্র কালেক্টরি আগত হএ উক্ত ডৌলে ম্যাদের নিরূপিত নাহি ও এইক্ষণপর্য্যন্ত বন্দবস্ত মঞ্জুর হইয়াছে কি না অত্র কালেক্টরিতে প্রকাশ নাহি চতুর্থ ঘরের লিখিত মহালের মালিকের আবাদকারি হক নীলাম হইবেক হইতে পারে যে এই মহালের জমা কিছু বেশী কমী হইবেক।

H. ATHERTON, *Offg. Collector.*

এস্তালানামা কাছারী কালেক্টরী জেলা রঙ্গপুর।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজির ১ প্রথম আইনের ৬ ধারানুসারে এতৎ জেলার নিম্নের লিখিত মহালাত সন ১২৫৩ বাঙ্গলার লাগাএদ কিস্ত অগ্রহায়ণের বাকি রাজস্ব আদায় জন্য সন ১৮৪৭ ইংরেজির ১ ফেব্রুআরি মোতাবক সন ১২৫৩ বাঙ্গলার ২০ মাঘ রোজ সোমবার এতৎ কালেক্টরী কাছারিতে বিনা ওজরে নিলামে ধরা যাইবেক এবং নিশ্চিত বিক্রী হইবেক ইতি সন ১৮৪৭ ইংরেজী তারিখ ২ জানুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৫৩ বাঙ্গলার লাং কিস্ত অগ্রহায়ণের বাকী	মন্তব্য কথা
১	২ নং	৪২৩	কিশামত নামুয়াধ পাড়া পং বাহার বন্দ	রাধানাথ ভট্টাচার্য্য	১৩৲৭	৬৲	দোরস মৃত্তিকা হরিএক ফছল জন্মে ইতি
২	২ নং	৪৪৩	তালুক বোড়াগাড়ি ওগয়রহ চাকলে কাজী হাট	অক্ষয়কুমার দাস ও তানুল্লা ও সেখ দরাজ ও ভগবন্ত নালা ও বোন বেওয়া মাদরে মুচায়ার ও রুপী নার	৬৬/২	৩৮৲ বকয়া ২৯৲৭॥ — ৬৭৲৭॥	

A. T. D. CUNYNGHAM, *Collector*.

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the Fourth day of December last, in the matters of the Schedule of RADAKISSEN MULLICK, formerly of Colootollah, in the Town of Calcutta, and lately of Champatollah in Calcutta, Salt Merchant, but at present residing at Chinsurah, in the province of Bengal, against whom an adjudication of Insolvency was made and pronounced by the Court upon the application of one Sibchunder Chatterjee, a creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court on Saturday the sixth day of February next, at the hour of eleven o'clock in the forenoon.

The names of the creditors of the said RADAKISSEN MULLICK, appear in a Schedule filed in the office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer. Dated the 4th day of January, one thousand eight hundred and forty-six.

PAUL and SMELT, *Insolvent's Attornies.*

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

সকলকে সমাচার দেওয়া যাইতেছে যে ঐ আদালতহইতে গত ডিসেম্বর মাসের ৪ তারিখে এই বিষয়ে এক হুকুম প্রকাশ হয় যে রাধাকৃষ্ণ মল্লিক ইতি পূর্ব্বে শহর কলিকাতার কলুটোলায় বাস করিতেন পরে শহর কলিকাতার চাঁপাতলায় লবণের বাণিজ্য কর্ম্ম করিতেন এইক্ষণে বঙ্গ দেশের চুঁচুড়া মাকিনে বাস করিতেছেন তাঁহার এক জন মহাজন শিবচন্দ্র চট্টোপাধ্যায়ের আবেদন মতে ইনশালবেন্ট লওনের আদেশ প্রাপ্ত হইয়াছেন সেই বিষয় আগামি ৬ ফেব্রুআরি শনিবার দিবস উক্ত কোর্টে শুননি নিমিত্তে সময় নির্দ্ধারিত হইয়াছে।

উক্ত রাধাকৃষ্ণ মল্লিকের মহাজনদিগের নাম তাঁহার সিডুল সম্বলিত উক্ত কোর্টের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল করা গিয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় ঐ দপ্তরখানায় যাইলে দেখিতে পারিবেন।

কলিকাতা ১৮৪৭। ৪ জানুআরি। পাউল এবং ইশমেল্ট। অক্ষম ঋণির উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court, bearing date the seventeenth day of December instant, the matters of the Schedule of DENONAUTH SEAL, DWARKANAUTH SEAL, COSSINAUTH SEAL, and MUDOOSOODUN DAY, late of New China Bazar, in the Town of Calcutta, Merchants and Banians, heretofore carrying on business in copartnership at Calcutta, under the style and firm of Denonauth Seal and Company, against whom an adjudication of Insolvency was made and pronounced by the Court upon the application of one Ramchund Burraul, a creditor of the said Insolvent, are appointed to be heard in the said Court, on Saturday the sixth day of February next, at the hour of 11 o'clock in the forenoon.

The names of the Creditors of the said DENONAUTH SEAL, DWARKANAUTH SEAL, COSSINAUTH SEAL, and MUDOOSOODUN DAY, appear in a Schedule filed in the Office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer. Dated the 4th day of January, one thousand eight hundred and forty-seven.

PAUL and SMELT, *Insolvent's Attornies.*

এতদ্দ্বারা সমাচার দেওয়া যাইতেছে যে উক্ত কোর্টহইতে গত ১৭ ডিসেম্বর তারিখে এই বিষয়ে এক হুকুম প্রকাশ হয় যে দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দে যাঁহারা ইতিপূর্ব্বে শহর কলিকাতার নূতন চীনাবাজারে বাস করিতেন এবং তৎপরে বাঙ্গলা দেশের মধ্যে হুগলি বাস করিয়াছিলেন তাঁহারা পূর্ব্বে শহর কলিকাতায় দীননাথ শীল কোম্পানি উপাধিতে বাণিজ্য কর্ম্ম করিতেন তাঁহারদের এক জন মহাজন রামচাঁদ বড়ালের আবেদন মত্তে ইনশালবেন্ট লওনের আদেশপ্রাপ্ত হইয়াছেন সেই বিষয় আগামি ৬ ফেব্রুআরি শনিবার দিবস উক্ত কোর্টে শুননি নিমিত্ত সময় নির্দ্ধারিত হইয়াছে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১২ জানুআরি।]

উক্ত দীননাথ শীল ও দ্বারকানাথ শীল ও কাশীনাথ শীল ও মধুসূদন দেদিগের মহাজনদিগের নাম তাহারদের সিডিউলপত্র সম্বলিত উক্ত কোর্টের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল করা গিয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় এই দপ্তরখানায় যাইয়া দেখিতে পাইবেন।

কলিকাতা ১৮৪৭। ৪ জানুআরি। পাউল এণ্ড ইশমেল্ট। অক্ষম ঋণির উকীল।

In the matter of MIRZA ALLY, an Insolvent.

NOTICE is hereby given, that by an order of Court made on the second day of January instant, the hearing in this matter stands adjourned until Saturday the sixth day of February next.

Calcutta, 5th January, 1847. PEARD, *Attorney for said Insolvent.*

যোত্রহীন মীর্জা আলীর বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২ তারিখে উক্ত আদালতে হুকুম হইল যে এই বিষয়ের শুননি আগামি ফেব্রুআরি মাসের ৬ তারিখ শনিবারে হয়।

কলিকাতা। ১৮৪৭ সাল ৫ জানুআরি। পি পিয়র্ড। উক্ত যোত্রহীনের উকীল।

In the matter of WILLIAM CHARLES STEWART, late of Mangoe Lane, in the town of Calcutta, and Factory of Fort William in Bengal, Merchant, theretofore in partnership with William Shand, James Shand, and C. C. Bruce, under the name, style and firm of Bruce, Shand, Stewart and Company, as Merchants and Agents, and now residing at the French Settlement of Chandernagore.

NOTICE is hereby given, that by an order made in this matter on the twenty-ninth day of December last, it was adjudged that the petition of Juggobundoo Burrall, a creditor of the said William Charles Stewart, presented to this Court in the above matter was true, and that the said William Charles Stewart had committed an Act of Insolvency under the provisions of the Statute 9th, George IV., Chapter 72, entitled "an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies," and it was also in and by another order of the same date and made in the same matter, ordered that Robert O'Dowda, Esquire, be and he was thereby appointed the Assignee of the Estate and Effects of the said William Charles Stewart.

Calcutta, 5th January, 1847. PEARD, *Attorney for the Petitioning Creditor.*

ব্রুস্ শাণ্ড ষ্টুয়ার্ট কোম্পানির নামে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম কুঠীতে ও কলিকাতা নগরে উলিয়ম শাণ্ড সাহেব ও জেম্‌স শাণ্ড সাহেব ও সি সি ব্রুস সাহেবের সঙ্গে সওদাগরী ও এজেন্টী কর্ম্মকারী পূর্ব্বে মাঙ্গো লেন নিবাসী এক্ষণে ফ্রান্স দেশীয়েরদের অধীনে চন্দননগরনিবাসি উলিয়ম চার্লস ষ্টুয়ার্ট সাহেবের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ডিসেম্বর মাসের ২৯ তারিখে নির্দ্ধারণ হইল যে উক্ত উলিয়ম চার্লস ষ্টুয়ার্ট সাহেবের মহাজন জগবন্ধু বড়াল এই আদালতে যে দরখাস্ত দাখিল করেন তাহা সত্য বটে এবং উক্ত উলিয়ম চার্লস ষ্টুয়ার্ট সাহেব যোত্রহীন হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭২ অধ্যায়ের বিধানমতে উপকার পাইতে পারেন। আরো সেই তারিখে উক্ত বিষয়ে হুকুম হইল যে শ্রীযুত রাবর্ট ওডৌডা সাহেব উক্ত উলিয়ম চার্লস ষ্টুয়ার্ট সাহেবের মাল ও সম্পত্তির আসৈনি পদে নিযুক্ত হন তদনুসারে তিনি নিযুক্ত হইলেন।

কলিকাতা। ১৮৪৭ সাল ৫ জানুআরি। পিয়ার্ড। দরখাস্তকারি মহাজনের উকীল।

NOTICE is hereby given, that by an order of the said Court made in the matter of the Petition of JAMES SMALL, late of Royd Street, in the Town of Calcutta, Merchant, late a Member of the Firm of Small and Company, and late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies; the hearing of the matters of the Petition of the said Insolvent is adjourned to Saturday the sixth day of February next.

The names of the creditors of the said Insolvent appear in a Schedule filed with the said Petition in the Office of the Chief Clerk of the said Court to which any creditor may refer.

5th December, 1846. WM. H. OWEN, *Attorney for the said Insolvent.*

স্মল কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরের রাইড ষ্ট্রিটনিবাসী সওদাগর জেম্‌স স্মল সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইন দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে উক্ত যোত্রহীনের দরখাস্তের মর্ম্মের শুননি আগামি ফেব্রুআরি মাসের ৬ তারিখ শনিবারে হইবেক।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া উক্ত দরখাস্ত সম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে। মহাজনেরা তাহা দেখিতে পারেন।

কলিকাতা। ১৮৪৬ সাল ৫ ডিসেম্বর। ডবলিউ এচ ওয়েন। উক্ত যোত্রহীনের উকীল।

In the matter of THOMAS SMITH, an Insolvent.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 2nd day of January instant, it was ordered that the Insolvent above named should be at liberty to amend his Schedule in this matter, and that such amendment has been accordingly made.

W. N. HEDGER, *Attorney.*

যোত্রহীন তামস স্মিথ সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ২ তারিখে হুকুম হইল যে উক্ত যোত্রহীন আপনার তফসীল শুধরাইবার অনুমতি পান তদনুসারে শুধরাণ গিয়াছে।

ডবলিউ এন হেজর। যোত্রহীনের উকীল।

In the matter of the Petition of JOHN FRASER LANE, an Insolvent.

NOTICE is hereby given, that pursuant to an order of the Insolvent Court, bearing date the sixth day of January instant, the Schedule filed by the said Insolvent, has been amended by adding creditors and by striking out the wrong names and inserting right names of some of the said Insolvent's creditors named in the said Schedule in numbers 4, 12, 34, 34, 37, and 47.

Calcutta, 8th January, 1847. R. GRAHAM, *Insolvent's Attorney.*

[*Government Gazette*, *12th January*, 1847.]

যোত্রহীন জান ফ্রেজর লেন সাহেবের বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জানুআরি মাসের ৬ তারিখে যোত্রহীনের আদালতে যে হুকুম হয় তদনুসারে উক্ত যোত্রহীনের তফসীল শুধরাণ গিয়াছে অর্থাৎ আর কএক জন মহাজনের নাম লেখা গিয়াছে এবং অশুদ্ধ নাম কাটিয়া উক্ত যোত্রহীনের মহাজনেরদের শুদ্ধ নাম লেখা গিয়াছে উক্ত তফসীলের সেই নামের এই২ নম্বর অর্থাৎ ৪। ১২। ৩১। ৩৪। ৩৭। ৪৭।

কলিকাতা ১৮৪৭ সাল ৮ জানুআরি। আর গ্রেহাম। যোত্রহীনের উকীল।

In the matter of the Petition of RICHARD PALLAS, of Cooper's Lane, in the Town of Calcutta, an Assistant in the Bengal Accountant's Office, in the Salt and Opium Department, adjudged entitled on Saturday the seventeenth day of October, One Thousand Eight Hundred and Forty-six, to the benefit of the Act of the ninth George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order made in this matter on the 23rd day of the month of December last past, it was ordered, that unless cause be shewn to the contrary on Saturday the sixth day of February next, RICHARD PALLAS, the within named Insolvent, be for ever discharged from all liability whatsoever for or in respect of the debts due from him to the following persons, that is to say, John Hughes and Edward Templer, carrying on business under the style and firm of Messrs. Hughes and Templer; Mr. C. D. Pinto, Mrs. M. Howatson, Muddenmohun Mitter, Mr. J. J. McCann, Jr., Mrs. E. Athanass, Senior, Mr. W. Dickson, Pearymohun Set, Dinobundo Chatterjee, Ramgunga Sircar, Sumboochunder Ghose, Bycantnauth Ghose, Doyalchund Day, Juggonohun Ghosain, Mrs. E. Caitano, Mr. W. Thompson, Messrs. Hamilton and Co., Messrs. Pittar and Co., Mr. John Cameron, Mr. John Cameron, Jr., Messrs. Harrowell and Co., Madame Chevrot, Mr. H. Cook, Baboo Gourmohun Set, Madame Noveau, Debnarain Mookerjee, Messrs. Hunter and Co., Messrs. Burkinyoung and Co., Messrs. D. Wilson and Co., J. Hume, Messrs, Dykes and Co., Baboo Gooroochurn Dhur, Damooder Pyne, Hurrakissen Dhur, Messrs. Harris and Co., Nubboocoomar Chatterjee, Messrs. Peters and Co., Mr. E. Townsend, Dr. R. M. M. Thomson, Messrs. R. Scott Thomson and Co., Mr. T. E. Thomson, Messrs. Teil and Co., Messrs. Scott and Co., Mr. J. Roudet, Mr. G. Elcock, Brijomohun Doss, Mr. William Smith, Shaik Jameer Durjee, Raujkistno Dutt, Prawnkissen Packrassay, Dr. John Maxton, Nubbokissen Set, Sibchunder Mullick, Mr. C. F. Menson, Mr. J. B. Ward, R. O'Dowda, Esq., and Muddoosoodun Bysack.

Calcutta, 6th January, 1847. SHAW and LYONS, *Attornies for the Insolvent.*

নিমক ও আফীন ডিপার্টমেন্টে বাঙ্গলা দেশের আকেকৌন্টেন্ট সাহেবের সিরিশ্তায় আসিষ্টান্ট কলিকাতা নগরের কুপরলেননিবাসি রিচার্ড পালাস সাহেবের বিষয়ে ১৮৪৬ সালের ১৭ অক্টোবর তারিখ শনিবারে নির্দ্ধারণ হইল যে ভারতবর্ষের যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের ৭৩ অধ্যায়ের বিধানমতে তিনি উপকার পাইতে পারেন।

তাঁহার বিষয়ে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ডিসেম্বর মাসের ২৩ তারিখে হুকুম হইয়াছিল যে আগামি ফেব্রুআরি মাসের ৬ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন রিচার্ড পালাস সাহেব নীচের লিখিত মহাশয়েরদিগের যে সকল টাকা ধারেন্ তাহার দায়হইতে তিনি সম্পূর্ণরূপে মুক্ত হন্ অর্থাৎ হিউস ও টেম্পলর নামে কর্ম্মকারি জান হিউস সাহেব ও এডুয়ার্ড টেম্পলর সাহেব, সি ডি পিন্টো সাহেব, বিবি এম হোয়াটসন, মদনমোহন মিত্র, জে জে মাকান সাহেব, বিবি ই আথানাস, ডবলিউ ডিকসন সাহেব, পেয়ারীমোহন সেট, দীনবন্ধু চাটুয্যা, রামগঙ্গা সরকার, শম্ভুচন্দ্র ঘোষ, বৈকুণ্ঠনাথ ঘোষ, দয়ালচাঁদ দে, জগমোহন গোস্বামী, বিবি ই কায়টানো, ডবলিউ তামসন সাহেব, হামল্টন কোং, পিটার কোং, জান কামিরণ সাহেব, ছোট জান কামিরণ সাহেব, হারোএল কোং, মাদাম সেবরো, এচ কুক সাহেব, বাবু গৌরমোহন সেট, মাদাম নবো, দেবনারায়ণ মুখুয্যা, হন্টর কোং, বর্কিণ্যং কোং, ডি উইলসন কোং, জে হিউম সাহেব, ডাইক্স কোং, বাবু গুরুচরণ ধর, দামোদর পাইন, হরেকৃষ্ণ ধর, হারিস কোং, নবকুমার চাটুয্যা, পিটর্স কোং, ই টৌনসেণ্ড সাহেব, ডাক্তর আর এম এম তামসন সাহেব, আর স্কট তামসন কোং, টি ই তামসন সাহেব, টিল কোং, স্কট কোং, জে রুডেট সাহেব, জি এলকক সাহেব, ব্রজমোহন দাস, উলিয়ম স্মিথ সাহেব, সেখ জামির দরজি, রাজকৃষ্ণ দত্ত, প্রাণকৃষ্ণ পাকড়াসি, ডাক্তর জান মাকষ্টন সাহেব, নবকৃষ্ণ সেট, শিবচন্দ্র মল্লিক, সি এফ মেনসন সাহেব, জে বি ওয়ার্ড সাহেব, আর ওডোডা সাহেব, মধুসূদন বসাক।

কলিকাতা ১৮৪৭ সাল ৬ জানুআরি। শা ও লায়ন্স। যোত্রহীনের উকীল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ১২ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 19, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ১৯ জানুআরি।

DRAFTS OF ACTS.

ACT No. —— OF 1847.

To enable the Commissioners who may be appointed under Act to purchase real or personal property for the improvement of the Town of Calcutta.

(*Continued from page* 6.)

XLIX. And it is enacted, that if the arbitrators shall award a further sum to be paid or deposited by the said Commissioners they shall pay or deposit, as the case may require, such further sum within fourteen days after the making of such award, or in default thereof the same may be recovered with costs by action or suit in the said Supreme Court.

L. And it is enacted, that if the arbitrators shall determine that the sum so paid or deposited was sufficient the costs of and incident to such arbitration to be determined by the arbitrators shall be in the discretion of the arbitrators, but if the arbitrators shall determine that a further sum ought to be paid or deposited by the said Commissioners all the costs of and incident to the arbitration shall be borne by the said Commissioners.

LI. And it is enacted, that if any party shall be entitled to any compensation in respect of any lands, buildings or tenements, or of any interest therein which shall have been taken for or injuriously affected by the execution of the works of the said Commissioners, and for which the said Commissioners shall not have made satisfaction under the provisions of this Act, such party may have the same settled either by arbitration or by the verdict of a jury as he shall think fit; and if the said party desire to have the same settled by arbitration it shall be lawful for him to give notice

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৪৭ সাল —— আক্ট।

অমুক আক্টঅনুসারে যে কমিস্যনরেরা নিযুক্ত হন তাঁহারদিগকে কলিকাতা শহর উত্তম করণার্থ স্থাবর অথবা অস্থাবর সম্পত্তি ক্রয় করণের ক্ষমতা দেওনের আইন।

(৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৪৯ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি ঐ সালিসেরা উক্ত কমিস্যনরদিগকে আরো অধিক টাকা দিবার কি আমানৎ করিবার ফয়সলা করেন তবে ঐ ফয়সলা হওনের পর চৌদ্দ দিনের মধ্যে ঐ কমিস্যনরেরা বিষয় বিশেষে ঐ অধিক টাকা দিবেন বা আমানৎ করিবেন এবং যদ্যপি ঐ কমিস্যনরেরা তাহা না করেন তবে তাঁহারদের নামে সুপ্রিম কোর্টে নালিশের দ্বারা ঐ টাকা খরচাসমেত আদায় হইতে পারিবেক ইতি।

৫০ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যদি ঐ সালিসেরা এই নিষ্পত্তি করেন যে যে টাকা পূর্ব্বে দেওয়া গিয়াছিল অথবা আমানৎ হইয়াছিল তাহা প্রচুর ছিল তবে ঐ সালিসীর খরচ সালিসেরা নিরূপণ করিবেন এবং যাঁহার শিরে পড়িবেক তাহা তাঁহারা আপনং বিবেচনামতে ধার্য্য করিবেন। কিন্তু যদি ঐ সালিসেরা এই নিষ্পত্তি করেন যে ঐ কমিস্যনরেরদের অধিক টাকা দেওয়া বা আমানৎ করা উচিত তবে ঐ সালিসীতে যত খরচা লাগিয়াছে তাহা ঐ কমিস্যনরেরা দিবেন ইতি।

৫১ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে ঐ কমিস্যনরেরদের লওয়া কোন ভূমি বা বাটী কি এমারৎ বা তন্মধ্যে কোন লাভের বিষয়ে অথবা তাঁহারা যে কার্য্য করেন তাহাতে বাটী বা ভূমি কি এমারতের যে কোন ক্ষতি হয় তাহার বিষয়ে যদি কোন ব্যক্তির ক্ষতিপূরণের টাকা পাইবার অধিকার থাকে এবং যদি ঐ কমিস্যনরেরা এই আইনের বিধির অনুসারে ঐ টাকা না দিয়া থাকেন তবে ঐ ব্যক্তি যেমত উচিত বোধ করেন সেইমতে তাহা সালিসের দ্বারা অথবা জুরির ফয়সলার দ্বারা নির্ণয় করিয়া লইতে পারেন। এবং যদি সেই ব্যক্তি তাহা সালিসের দ্বারা নিরূপণ করিতে ইচ্ছা করেন তবে তিনি আপনার ঐ ইচ্ছা লিখিত এত্তে-

in writing to the said Commissioners of such his desire, stating in such notice the nature of the interest in such lands, buildings or tenements in respect of which he claims compensation and the amount of the compensation so claimed therein, and unless the said Commissioners be willing to pay the amount of the compensation so claimed, and shall enter into a written agreement for that purpose within twenty-one days after the receipt of any such notice from any party so entitled, the same shall be settled by arbitration in the manner herein provided, or if the party so entitled as aforesaid desire to have such question of compensation settled by jury it shall be lawful for him to give notice in writing of such his desire to the said Commissioners, stating such particulars as aforesaid, and unless the said Commissioners be willing to pay the amount of compensation so claimed and enter into a written agreement for that purpose, they shall within twenty-one days after the receipt of such notice issue their warrant to the Sheriff to summon a jury for settling the same in the manner herein provided, and in default thereof they shall be liable to pay to the party so entitled as aforesaid the amount of the compensation so claimed, and the same may be recovered by him by action of debt or on the case in the said Supreme Court.

LII. And it is enacted, that so soon as the amount of the purchase money or compensation to be paid by the said Commissioners in respect of any lands, houses, tenements or hereditaments, or any interest therein, shall be ascertained, fixed, awarded or settled, in any of the modes sanctioned and appointed by this Act as aforesaid, if the said lands, houses, tenements or hereditaments, shall have been purchased or taken by the said Commissioners from any person or persons not entitled to sell or convey the same except under the provisions of this Act as being tenant for life or in tail, married woman, guardian, committee, trustee, Executor or Administrator, or person having a partial or qualified interest therein, or who shall refuse to accept such purchase money or compensation, or neglect or fail to make out a title to such lands, houses, tenements or hereditaments, or to the interest therein claimed by him to the satisfaction of the said Commissioners, or shall refuse to convey or release the same, or shall be absent from the Presidency of Bengal, or cannot after diligent enquiry be found, the said Commissioners are hereby empowered and required forthwith to invest the said purchase money or amount of compensation in some of the Securities or Promissory Notes of the East India Company, commonly called Company's Paper, at the current price of the day, and to deposit the same with the Government Agent at Fort William aforesaid in the name and with the privity of the Accountant General of the said Supreme Court to be placed by him to the account of such Accountant General to the credit of the parties interested,

জার দ্বারা কমিস্যনরদিগকে জানাইবেন এবং যে বাটী বা ভূমি কি এমারতের বিষয়ে তিনি ক্ষতি পূরণের দাওয়া করেন সেই বাটীপ্রভৃতিতে তাঁহার যে প্রকার লাভ থাকে তাহা এবং যত টাকার দাওয়া করেন তাহার সংখ্যা ঐ এত্তেলাতে লেখা থাকিবেক এবং যে টাকার এইরূপ দাওয়া হয় তাহা যদি ঐ কমিস্যনরেরা দিতে স্বীকার না করেন এবং যে ব্যক্তি তাহা পাওনের অধিকার রাখেন সেই ব্যক্তির স্থানে উক্ত এত্তেলা পাওনের পর একুশ দিনের মধ্যে তাহা দিবার বিষয়ে একটা লিখিত বন্দোবস্ত না করেন তবে সেই বিষয় ঐরূপ নির্দ্দিষ্ট সালিসের দ্বারা নিষ্পত্তি হইবেক। অথবা যে ব্যক্তির সেই টাকা পূর্ব্বোক্তমতে পাইবার অধিকার আছে সেই ব্যক্তি যদি সেই ক্ষতিপূরণের সংখ্যা জুরির দ্বারা নিষ্পত্তি করিতে ইচ্ছা করেন্ তবে তাহার এত্তেলা লিখনের দ্বারা উক্ত কমিস্যনরদিগকে দিবেন এবং তাহার মধ্যে পূর্ব্বোক্ত সকল বিবরণ লেখা থাকিবেক এবং ক্ষতিপূরণের যে টাকার এইরূপ দাওয়া হয় তাহা যদি ঐ কমিস্যনরেরা দিতে স্বীকার না করেন এবং তন্নিমিত্তে লিখিত বন্দোবস্ত না করেন তবে ঐ এত্তেলা পাওনের পর একুশ দিনের মধ্যে তাঁহারা এই আইনে নির্দ্দিষ্ট প্রকারে সেই বিষয়ের নিষ্পত্তি করণার্থ জুরি তলব করিতে সরিফ সাহেবের নিকটে আপনারদের ওয়ারন্ট পাঠাইবেন এবং যদি তাহা না করেন তবে যে ব্যক্তির সেই টাকা পাইবার অধিকার আছে সেই ব্যক্তিকে ক্ষতিপূরণের দাওয়ার টাকা তাঁহারা দিবেন এবং সেই টাকা সুপ্রিম কোর্টে দেনার নালিশের দ্বারা বা বিশেষ নালিশের দ্বারা আদায় হইতে পারিবেক ইতি।

৫২ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে কোন ভূমি বা বাটী কি এমারৎ কিম্বা অধিকারিত্ব বা তাহার মধ্যে কোন লাভের নিমিত্ত উক্ত কমিস্যনরেরদের যে খরীদ বা ক্ষতিপূরণের টাকা দিতে হইবেক তাহার সংখ্যা এই আইনের অনুমতিদেওয়া এবং নিরূপিত পূর্ব্বোক্ত কোন এক প্রকারে নিশ্চিত ও ধার্য্য ও ফয়সলা অথবা বন্দোবস্ত হইলে যদি এইমত হইয়া থাকে যে যে ব্যক্তি বা ব্যক্তিরা যাবজ্জীবন অথবা মৌরুশী রাইয়ত বা বিবাহিতা স্ত্রী কি সংসারাধ্যক্ষ বা কমিটি কি ট্রুষ্টি বা অছি বা আডমিনিষ্ট্রেটর হওয়াপ্রযুক্ত অথবা ঐ ভূমিপ্রভৃতিতে অসম্পূর্ণ ও অল্প লাভ থাকাপ্রযুক্ত কেবল এই আইনের বিধানানুসারে সেই ভূমিপ্রভৃতি বিক্রয় অথবা হস্তান্তর করিতে পারেন্ এমত ব্যক্তির স্থানে ঐ কমিস্যনরেরা সেই ভূমিপ্রভৃতি খরীদ করিয়া অথবা লইয়া থাকেন অথবা ভূমির স্বামী যদ্যপি খরীদের কিম্বা ক্ষতিপূরণের টাকা লইতে স্বীকার না করেন্ অথবা সেই ভূমি বা বাটী কি এমারৎ অথবা অধিকারিত্বের অথবা তাহাতে সেই ব্যক্তি যে লাভের দাওয়া করেন্ তাঁহার এইমত স্বত্ত্ব সাব্যস্ত না করেন্ বা করিতে ত্রুটি করেন্ যে তাহাতে ঐ কমিস্যনরেরদের হৃদ্বোধ জন্মে অথবা সেই ব্যক্তি যদি তাহা হস্তান্তর বা খালাস করিতে স্বীকার না করেন্ অথবা বাঙ্গলা দেশের রাজধানীতে বর্ত্তমান না থাকেন কিম্বা বিলক্ষণ অনুসন্ধানের পর না পাওয়া যায় তবে ঐ কমিস্যনরদিগকে ইহার দ্বারা ক্ষমতা ও হুকুম দেওয়া গেল যে তাঁহারা অগৌণে ঐ খরীদের কি ক্ষতিপূরণের টাকা লইয়া কোম্পানির কাগজনামে খ্যাত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির প্রোমিসরি নোট তৎকালের বাজার ভাওমতে খরীদ করেন্ এবং ঐ সুপ্রিম কোর্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নামে এবং তাঁহার জ্ঞাতসারে ফোর্ট উলিয়ম রাজধানীতে গবর্ণমেণ্ট এজেণ্টের নিকটে আমানৎ করেন্ এবং ঐ গবর্ণমেণ্ট এজেণ্ট সাহেব যে ব্যক্তিরদের ঐ ভূমি বা বাটী কি এমারতে বা অধিকারিত্বে লাভনোকসান থাকে বা উত্তর কালে হইতে পারে সেই ব্যক্তিরদের নামে জমা করিয়া ঐ আকৌণ্টেণ্ট সাহেবের হিসাবে লিখিবেন

or who may be or become interested in such lands, houses, tenements or hereditaments, describing both them and the said parties so far as the said Commissioners can do pursuant to the course of proceeding in the said Court under the Rules, Orders and Regulations of the said Court regarding monies paid into the said Court in matters and causes depending before it on its Equity side, and such Securities shall remain so deposited and the interest thereon shall be regularly received by the said Government Agent and credited to the said account, and when and so often as the said interest so received by the said Government Agent shall amount to a sufficient sum for that purpose such interest shall be invested by the said Government Agent from time to time in other such Securities as aforesaid, and such monies, principal and interest, shall remain so invested and deposited until the same be applied under the authority of the said Court upon the petition of the party who would have been entitled to the rents and profits of the lands, houses, tenements and hereditaments in respect of which such monies shall have been deposited to some one or more of the following purposes, that is to say, In the discharge of any debt or incumbrance affecting the lands, tenements and hereditaments in respect of which such money shall have been paid or affecting other lands settled therewith to the same or the like uses, trusts or purposes, or in the purchase of other lands, tenements or hereditaments to be conveyed, limited and settled upon the like uses, trusts and purposes, and in the same manner as the lands, tenements or hereditaments in respect of which such money shall have been paid stood settled, or if such money shall be paid in respect of any buildings taken under the authority of this Act, or injured by the proximity of the works in removing or replacing such buildings or substituting others in their stead, or in payment to any person who shall become absolutely entitled to such money, and until such monies can or shall be so applied the interest, dividends and annual proceeds of such Company's Paper shall and may upon the like petition and order be paid to the party or parties who would for the time being have been entitled to receive the rents and profits of the said lands, houses, tenements and hereditaments.

LIII. And it is enacted, that where any purchase money or compensation paid as aforesaid under the provisions of this Act shall have been paid in respect of any lease for a life or lives, or years, or any estate in lands, tenements or hereditaments less than the whole fee simple thereof, or in respect of any reversion dependent on any such lease or estate, it shall be lawful for the said Supreme Court on the petition of any party interested in such money to order that the same shall be laid out, invested, accumulated and paid in such manner as the said Court may consider will give to the parties interested in such money

[*Government Gazette*, 19th *January*, 1847.]

এবং সুপ্রিম কোর্টের একুটি পক্ষে যে সকল বিষয় ও মোকদ্দমা উপস্থিত থাকে সেই বিষয়ে উক্ত কোর্টের নিয়ম ও হুকুম ও বিধানক্রমে যেরূপ ব্যবহার আছে সেই ব্যবহারানুসারে উক্ত কমিস্যনরেরা সাধ্যপর্য্যন্ত উক্ত ব্যক্তিরদের পরিচয় এবং ভূমির বিবরণ লিখিবেন এবং ঐ কোম্পানির কাগজ সেইরূপ আমানৎ থাকিবেক. এবং তাহার সুদ ঐ গবর্ণমেণ্ট এজেণ্ট রীতিমতে আদায় করিবেন এবং সেই হিসাবে জমা করিবেন এবং যখন ও যতবার ঐ গবর্ণমেণ্ট এজেণ্টের আদায় করা সুদের সংখ্যা প্রচুর হয় তখন তিনি সেই সুদ লইয়া সময়ক্রমে সেই প্রকার কোম্পানির অন্য কাগজ খরীদ করিবেন এবং যে ভূমি বা বাটী কি এমারৎ বা অধিকারিত্বের বিষয়ে ঐ টাকা আমানৎ হইয়াছে সেই ভূমিপ্রভৃতির ভাড়া এবং প্রাপ্তি পাইবার যে ব্যক্তির অধিকার আছে সেই ব্যক্তির দরখাস্তক্রমে যাবৎ ঐ টাকা ঐ আদালতের হুকুমক্রমে নীচের লিখিত এক বা ততোধিক অভিপ্রায়ে ব্যয় না হয় তাবৎ সেই সকল আসল টাকা ও সুদ সেইরূপে আমানৎ থাকিবেক। বিশেষতঃ যে ভূমি বা বাটী অথবা অধিকারিত্বের বিষয়ে ঐ টাকা দেওয়া গিয়াছে সেই ভূমির কোন দেনা বা দায় পরিশোধ করণার্থ অথবা অন্য যে ভূমির সেই প্রকার ব্যবহার বা ট্রষ্ট কি অভিপ্রায়ের নিমিত্তে বন্দোবস্ত হইয়াছিল সেই ভূমির সম্পর্কীয় কোন দেনা বা দায় পরিশোধ করণার্থ অথবা যে ভূমি বা এমারৎ কি অধিকারিত্বের বিষয়ে ঐ টাকা দেওয়া গিয়াছিল সেই ভূমিপ্রভৃতি যে ব্যবহার বা ট্রষ্ট বা অভিপ্রায়ের নিমিত্তে ধার্য্য হইয়াছিল সেই ব্যবহারপ্রভৃতিতে অর্পণ ও ধার্য্য করিবার নিমিত্ত অন্য ভূমি বা এমারৎ কি অধিকারিত্বের খরীদ করণার্থ কিম্বা এই আইনের ক্ষমতাক্রমে যে এমারৎ লওয়া যায় তাহার বিষয়ে অথবা কমিস্যনরেরদের কার্য্যের নৈকট্যপ্রযুক্ত যে ক্ষতি হয় তাহার বিষয়ে যদি ঐ টাকা দেওয়া গিয়া থাকে তবে সেই এমারৎ উঠাইয়া লওনার্থ কি পুনরায় স্থাপন করণার্থ অথবা তাহার পরিবর্ত্তে নূতন এমারৎ গাঁথনার্থ অথবা সেই টাকাতে যে ব্যক্তির সম্পূর্ণ অধিকার হইবেক সেই ব্যক্তিকে দেওনার্থ। এবং যাবৎ ঐ টাকা এইরূপে ব্যয় হইতে না পারে বা না হয় তাবৎ ঐ কোম্পানির কাগজের সুদ ও ডিবিডেণ্ড ও বার্ষিক উৎপত্তি যে ব্যক্তির ঐ ভূমি বা এমারৎ বা অধিকারিত্বের লাভ তৎসময়েই পাইবার অধিকার হইত সেই ব্যক্তি বা ব্যক্তিরদের দরখাস্ত হইলে এবং তাঁহার পক্ষে হুকুম হইলে তাঁহাকে দেওয়া যাইবেক ও দেওয়া যাইতে পারে ইতি।

৫৩ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিধির অনুসারে পূর্ব্বোক্তমতে, যে কোন খরীদের বা ক্ষতিপূরণের টাকা এক বা ততোধিক আয়ুর বা বৎসরের পাট্টার সম্পর্কে.অথবা কোন ভূমি বা এমারৎ কি অধিকারিত্বের সম্পূর্ণ স্বত্ত্বঅপেক্ষা কম স্বত্ত্বের নিমিত্তে অথবা সেইরূপ কোন পাট্টা বা স্বত্ত্বের সম্পর্কীয় কোন ঔপাধিক অধিকারের বিষয়ে দেওয়া গিয়া থাকে.সেই টাকাতে যাঁহারদের ক্ষতিবৃদ্ধি আছে এমত ব্যক্তিরদের দরখাস্তক্রমে ঐ সুপ্রিম কোর্ট ঐ টাকা এইরূপে ব্যয় ও অর্পণ ও জমা করিতে ও দিতে হুকুম করিতে পারেন যে ঐ টাকার লাভযুক্ত ব্যক্তি যে পাট্টা বা স্বত্ত্ব কি ঔপাধিক অধিকারের বিষয়ে ঐ টাকা দেওয়া

the same benefit therefrom as they might lawfully have had from the lease, estate or reversion in respect of which such money shall have been paid or as near thereto as may be.

LIV. And it is enacted, that upon payment or deposit in manner hereinbefore mentioned of the purchase money or compensation agreed or awarded to be paid in respect of any lands, tenements or hereditaments purchased or taken by the said Commissioners under the provisions of this Act, the Owners of and all parties by this Act enabled to sell or convey such lands, tenements and hereditaments shall when required so to do by the said Commissioners, duly convey such lands to the said Commissioners, or as they shall direct, and in default thereof, or if such party fail to adduce a good title to such lands, tenements and hereditaments to the satisfaction of the said Commissioners, it shall be lawful for the said Commissioners if they think fit to execute a deed of sale under their common seal, containing a description of the lands, tenements and hereditaments in respect of which such default shall be made, and reciting the purchase or taking thereof, and the names of the parties from whom the same were purchased or taken, and the payment made in respect thereof, and declaring the fact of such default having been made, and thereupon all the estate and interest in such lands, tenements and hereditaments of, or capable of being sold and conveyed by the party with whom the said Commissioners shall have made such agreement, or to whom such purchase money or compensation shall have been awarded by a jury or by arbitrators, or by a Surveyor appointed by any Magistrate or Magistrates, or as hereinbefore provided shall vest absolutely in the said Commissioners, and as against such parties and all parties on behalf of whom they are hereinbefore enabled to sell and convey the said Commissioners shall be entitled to immediate possession of such lands, tenements and hereditaments.

LV. And it is enacted, that if the Owner of any such lands, tenements and hereditaments purchased or taken by the said Commissioners, or of any interest therein, on tender of the purchase money or compensation agreed or awarded to be paid in respect thereof, shall refuse to accept the same, or neglect or fail to make out a title to such lands, tenements and hereditaments, or to the interest therein claimed by him to the satisfaction of the said Commissioners, or if he refuse to convey or release such lands, tenements and hereditaments as directed and required by the said Commissioners, or if any such Owner be absent from the Presidency of Bengal, or cannot after diligent inquiry be found or fail to appear on the inquiry before a jury as hereinbefore provided, it shall be lawful for the said Commissioners to place the purchase money or compensation payable in respect of such lands, tenements and hereditaments, or any interest therein to the credit of the

গিয়াছিল সেই পাট্টাপ্রভৃতিতে তাঁহার যথার্থমতে যে উপকার হইত সেই উপকার অথবা প্রায়ই সেই উপকার হইতে পারে ইতি।

৫৪ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের বিধির অনুসারে উক্ত কমিস্যনরেরদের খরীদ করা অথবা লওয়া কোন ভূমি কি এমারৎ অথবা অধিকারিত্ত্বের বাবতে যে খরীদ বা ক্ষতিপূরণের টাকা দিতে স্বীকার অথবা নিরূপণ হইয়াছে তাহা পূর্ব্বোক্তমতে দেওয়া গেলে অথবা আমানৎ হইলে পর সেই ভূমি ও এমারৎ ও অধিকারিত্ত্বের মালিককে এবং যে সকল ব্যক্তি এই আইনের দ্বারা তাহা বিক্রয় অথবা হস্তান্তর করিতে পারেন তাঁহারদিগকে উক্ত কমিস্যানরেরা হুকুম করিলে তাঁহারা রীতিমতে ঐ ভূমি উক্ত কমিস্যনরদিগের নিকটে অথবা তাঁহারা যেমতে হুকুম করেন সেইমতে হস্তান্তর করিবেন। এবং যদি তাঁহারা তাহা না করেন অথবা যদি সেই২ ব্যক্তি সেই ভূমি বা এমারৎ কি অধিকারিত্ত্বের ঐ কমিস্যানরেরদের হুস্তোধজনক উত্তম স্বত্ত্ব না দেখাইতে পারেন তবে ঐ কমিস্যানরেরা উচিত বোধ করিলে আপনারদের সাধারণ মোহরযুক্ত একটা বিক্রয়পত্র করিতে পারেন এবং ঐ বিক্রয়পত্রে যে ভূমি এবং এমারৎ ও অধিকারিত্ত্বের বিষয়ে ত্রুটি হইয়াছিল তাহার বিবরণ থাকিবেক এবং সেই ভূমিপ্রভৃতির খরীদ অথবা লওনের বিবরণ এবং যে ব্যক্তিরদের স্থানে তাহা ক্রয় করা অথবা লওয়া গিয়াছিল তাঁহারদের নাম এবং তাহার বাবতে যে টাকা দেওয়া গিয়াছে তাহা ঐ বিক্রয়পত্রে লেখা থাকিবেক এবং তাহাতে আরো ইহা লেখা থাকিবেক যে এই প্রকার ত্রুটি হইয়াছিল এবং এই কার্য্য সিদ্ধ হইলে যে ব্যক্তিরদের সঙ্গে উক্ত কমিস্যনরেরদের সেইরূপ বন্দোবস্ত হইয়াছিল অথবা যে ব্যক্তিরদিগকে ঐ খরীদ অথবা ক্ষতিপূরণের টাকা জুরির দ্বারা কি সালিসের দ্বারা কি এক বা ততোধিক মাজিষ্ট্রেট সাহেবের নিরূপিত সরবেয়রের দ্বারা অথবা ইহার পূর্ব্বে নির্দ্দিষ্টমতে ধার্য্য হইয়াছিল সেই ব্যক্তিরদের সেই ভূমি এবং এমারৎ ও অধিকারিত্ত্বে যে স্বত্ত্ব ও লাভ থাকে অথবা যে স্বত্ত্ব ও লাভ তাঁহারা হস্তান্তর করিতে পারেন তাহা ঐ কমিস্যানরেরদের হাতে সম্পূর্ণরূপে অর্পিত হইবেক এবং যে২ ব্যক্তির নিমিত্তে তাঁহারা পূর্ব্বোক্তমতে ভূমিপ্রভৃতি বিক্রয় ও হস্তান্তর করিতে পারেন সেই২ ব্যক্তির সম্পর্কে ঐ কমিস্যনরেরা সেই ভূমি ও এমারৎ ও অধিকারিত্ত্বের তৎক্ষণাৎ দখল পাইতে পারেন ইতি।

৫৫ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত কমিস্যনরেরা সেইরূপ যে কোন ভূমি এবং বাটী ও অধিকারিত্ত্ব খরীদ করেন অথবা লন তাহার মালিক বা তাহার কোন স্বত্ত্বের মালিক তাহার নিমিত্তে যে খরীদের কি ক্ষতিপূরণের টাকা দিবার বন্দোবস্ত বা ফয়সলা হইয়াছিল তাহার প্রস্তাব হইলে তাহা লইতে স্বীকার না করেন অথবা ঐ কমিস্যনরেরদের খাতিরজমামতে ঐ ভূমি ও বাটী এবং অধিকারিত্ত্ব বা তাহার মধ্যে তিনি যে লাভের দাওয়া করেন তাহাতে তাঁহার অধিকার সাব্যস্ত করিতে অক্ষম হন বা ত্রুটি করেন অথবা ঐ কমিস্যনরেরা যেরূপে নির্দ্দিষ্ট ও হুকুম করেন সেইরূপে যদি তিনি সেই ভূমি ও বাটী এবং অধিকারিত্ত্ব হস্তান্তর কি খালাস করিতে অস্বীকৃত হন অথবা যদি ঐ মালিক বাঙ্গলা দেশের রাজধানীতে বর্ত্তমান না থাকেন অথবা উপযুক্ত অনুসন্ধানের পর না পাওয়া যায় কিম্বা ইহার পূর্ব্ব লিখিতমত জুরিরদের সম্মুখে তদারক সময়ে উপস্থিত না হন তবে ঐ কমিস্যনরেরদের এই ক্ষমতা হইবেক যে ঐ ভূমি ও বাটী এবং অধিকারিত্ত্বের বাবতে বা তাহার মধ্যে কোন লাভের বাবতে যে খরীদ কি ক্ষতিপূরণের টাকা দেয় হয় তাহা ঐ ভূমি ও বাটী

parties interested in such lands, tenements and hereditaments (the said parties being described so far as the said Commissioners can describe them) subject to the controul and disposition of the said Supreme Court, and it shall be lawful for the said Commissioners if they shall think fit to execute a deed of sale under their common seal containing a description of the lands, tenements and hereditaments in respect whereof such purchase money or compensation shall have been placed to credit, and declaring the circumstances under which and the names of the parties to whose credit such purchase money or compensation shall have been placed, and thereupon all the estate and interest in such lands, tenements and hereditaments of the parties for whose use and in respect whereof such purchase money or compensation shall have been placed to credit, shall vest absolutely in the said Commissioners, and as against such parties they shall be entitled to immediate possession of such lands, tenements and hereditaments.

LVI. And it is enacted, that upon the application by petition of any party making claim to the money so placed to credit as last aforesaid, or any part thereof, or to the lands, buildings or tenements in respect whereof the same shall have been so placed to credit, or any part of such lands, buildings or tenements, or any interest in the same the said Supreme Court on its Equity side may in a summary way as to the said Court shall seem fit, order such money to be laid out or invested in Company's Paper and deposited as aforesaid with the said Government Agent, and may order distribution thereof or payment of the interest thereof according to the respective estates, titles or interests of the parties making claim to such money, lands, buildings or tenements, or any part thereof, and may make such other order in the premises as to the said Court shall seem just.

LVII. And it is enacted, that the said Commissioners shall not be deemed necessary or competent parties to any such proceeding in the said Supreme Court, but that due notice shall be given according to the course and practice of the said Court in matters before it by summary petition by the party or parties petitioning to all other parties interested to whom it shall be competent to appear in such summary suit to defend and maintain their respective rights and interests.

LVIII. And it is enacted, that in this Act the following words and expressions shall have the several meanings hereby assigned to them unless there be something in the subject or context repugnant to such construction (that is to say) words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number, words importing the masculine gender only shall include females unless the word male is used. The word "person" shall include corporations whether aggregate or sole. The words "oath," "affirmation" and "solemn affirmation"

[*Government Gazette*, 19th *January*, 1847.]

এবং অধিকারিত্বে যাঁহারদের ক্ষতিবৃদ্ধি আছে তাঁহারদের নামে জমা করেন এবং ঐ ব্যক্তিরদিগকে উক্ত কমিস্যনরেরা যেপর্য্যন্ত বর্ণনা করিতে পারেন সেই পর্য্যন্ত তাঁহারদের সমস্ত বিবরণ লিখিবেন এবং ঐ টাকা উক্ত সুপ্রিম কোর্টের আজ্ঞা এবং কর্ত্তৃত্বাধীনে থাকিবেক এবং ঐ কমিস্যনরেরা উচিত বোধ করিলে একটা বিক্রয়পত্র প্রস্তুত করিতে পারেন এবং তাহাতে তাঁহারদের সাধারণ মোহর থাকিবেক এবং যে ভূমি ও বাটী এবং অধিকারিত্বের বিষয়ে ঐ খরীদ বা ক্ষতিপূরণের টাকা জমা হইয়াছে তাহার বিবরণ এবং যে২ কারণপ্রযুক্ত ঐ টাকা জমা হইয়াছে তাহা এবং যে২ ব্যক্তির নামে ঐ খরীদের বা ক্ষতিপূরণের টাকা জমা হইয়াছে তাঁহারদের নাম ঐ বিক্রয়পত্রে থাকিবেক। এবং তাহা হইলে যে২ ব্যক্তির নিমিত্তে এবং সম্পর্কে ঐ খরীদ বা ক্ষতিপূরণের টাকা সেইরূপে জমা হইয়াছে তাঁহারদের সেই ভূমি ও বাটী এবং অধিকারিত্বে যে সকল স্বত্ব ও লাভ থাকে তাহা সম্পূর্ণরূপে ঐ কমিস্যনরেরদের প্রতি অর্পণ হইবেক এবং সেই ব্যক্তিরদের সম্পর্কে ঐ কমিস্যনরেরা সেই ভূমি ও বাটী এবং অধিকারিত্বের তৎক্ষণাৎ দখল পাইতে পারেন ইতি।

৫৬ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে যে টাকা এইরূপে পূর্ব্বোক্ত প্রকারে জমা হইয়াছে তাহার বা তাহার কোন অংশের অথবা যে ভূমি কি বাটী বা এমারতের সম্পর্কে ঐ টাকা জমা হইয়াছে তাহার বা সেই ভূমি বা বাটী কি এমারতের কোন অংশের বা তাহার মধ্যে কোন লাভের দাওয়া যে ব্যক্তি করেন সেই ব্যক্তি দরখাস্ত করিলে ঐ সুপ্রিম কোর্ট একুটিপক্ষে যেরূপে ঐ কোর্টের উচিত বোধ হয় সেইরূপে সরাসরীমতে ঐ টাকা কোম্পানির কাগজে অর্পণ করিতে এবং পূর্ব্বোক্তমতে উক্ত গবর্ণমেণ্টের এজেন্টের হাতে আমানৎ করিতে হুকুম করিতে পারেন এবং যে২ ব্যক্তি সেই টাকা বা ভূমি বা বাটী কি এমারৎ বা তাহার কোন অংশের দাওয়া করেন সেই ব্যক্তিরদের মধ্যে আপন২ স্বত্ব বা অধিকার বা লাভ অনুসারে সেই টাকা বন্টন করিয়া দিতে বা তাহার সুদ দিতে হুকুম করিতে পারেন এবং ঐ আদালতের যেরূপ যথার্থ বোধ হয় সেইরূপে ঐ বিষয়ে আর কোন হুকুম করিতে পারেন ইতি।

৫৭ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে উক্ত সুপ্রিম কোর্টের এইরূপ কোন কার্য্যে ঐ কমিস্যনরেরদের অংশি হওন আবশ্যক অথবা ক্ষমতা হইবেক না কিন্তু ঐ আদালতের সমক্ষে সরাসরী দরখাস্তের দ্বারা উপস্থিত হওয়া বিষয়ে যেরূপ দাঁড়া ও ব্যবহার আছে সেইরূপ দরখাস্তকারি ব্যক্তি বা ব্যক্তিরা সেই সম্পত্তিতে লাভালাভযুক্ত অন্য ব্যক্তিরদিগকে রীতিমত এত্তেলা দিবেন এবং ঐ অন্য ব্যক্তিরা ঐ সরাসরী মোকদ্দমায় আপন২ অধিকার ও লাভ রক্ষা করিবার এবং বজায় রাখিবার নিমিত্তে উপস্থিত হইতে পারিবেন ইতি।

৫৮ ধারা। এবং ইহাতে হুকুম হইল যে এই আইনের পশ্চাৎ লিখিত কথার যে নানা অর্থ এই আইনের দ্বারা নিরূপণ হইয়াছে যদি সেই বিষয়ে অথবা তাহার পূর্ব্বাপর কথায় সেই অর্থ করণের বিরুদ্ধ কিছু না থাকে তবে সেই কথার সেই অর্থ হইবেক। বিশেষতঃ যে কথা এক বচনে লেখা গিয়াছে তাহাতে বহু বচনের অর্থও বুঝাইবেক এবং যে কথা বহু বচনে লেখা গিয়াছে তাহার অর্থ এক বচনেও হইবেক এবং যে কথা পুংলিঙ্গ আছে তাহা যদি "পুং" এই বিশেষ লেখা না থাকে তবে স্ত্রীলিঙ্গও বুঝাইবেক। এবং ব্যক্তি এই কথা বহু জনবিশিষ্ট বা এক জনের চার্টরপ্রাপ্ত সমাজ বুঝাইবেক। এবং "শপথ" ও "সুকৃতি" এবং "প্রতিজ্ঞা" এই কথা যখন অন্য কথায় সংযুক্ত না থাকে তখন ভারতবর্ষে

when used alone shall include oath or affirmation or other declaration lawfully substituted for an oath in such case by any Legislative Act of the Governor General of India in Council, or by any Act of the Parliament of Great Britain extended to India. The word "Street" shall include any square, circus, street, court, alley, footpath, highway, lane, road, thoroughfare, public passage, or other public place within the said Town. The words "the said Commissioners" shall mean the Commissioners for the time being appointed or elected under the provisions of Act No. of 1847.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India, after the 31st day of January next.

G. A. BUSHBY,
Secy. to the Govt. of India.

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের কোন আইনের দ্বারা বা ভারতবর্ষে প্রচলিত ইঙ্গলণ্ড দেশের পার্লিমেন্টের কোন আক্টের দ্বারা শপথের পরিবর্ত্তে যে কোন শপথ বা সুকৃতি কি প্রতিজ্ঞা আইন-মতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহাও বুঝাইবেক। এবং "রাস্তা" এই কথা কোন চক বা আখড়া কি রাস্তা কিম্বা অঙ্গন বা সুড়িপথ কি পদব্রজে গমনোপযুক্ত পথ বা রাজমার্গ কিম্বা গলি অথবা পন্থা বা খোলা পথ কি প্রবেশের স্থান বা অন্য কোন সাধারণ জায়গা বুঝাইবেক। এবং "উক্ত কমিস্যনর" এই কথা ১৮৪৭ সালের অমুক নম্বরী আইনের বিধির অনুসারে যে কমিস্যনরেরা মনোনীত কি নিযুক্ত হন তাঁহারদিগকে বুঝাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ৩১ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জি এ বুশবি।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Judges in the Lower Provinces.

I am desired to request that you will call upon the Principal Sudder Ameen, Sudder Ameen and Moonsiffs of your district, to submit without loss of time, the information required by the accompanying form. You are requested also to submit a similar return for your own Court.

2. In the first column the Pleaders are to be entered according to their degrees of personal qualification and merit, and extent of practice, and it is expected that the several judicial functionaries, in preparing this gradation list, will endeavor to approach as nearly as possible to accuracy and correctness. Should there be any doubt as to the relative superior qualities of any two or more of the Pleaders they should be bracketed together. In forwarding the returns you are requested to favor the Court with your own opinion as to the gradation lists submitted by the subordinate Judges, should your experience in the district enable you to speak to the characters and qualifications of the Vakeels of their Courts.

3. In the column of remarks, a note should be entered stating briefly and as nearly as practicable, the proportion of business enjoyed by each Pleader, with reference to the quantity ordinarily before the Court. Should it appear that qualification and merit exist in any case without much practice, owing to recency of appointment, a note to that effect should also be entered in this column.

4. In order to facilitate the preparation of the returns, blank forms are herewith sent for circulation to the uncovenanted Judges of your District.

W. KIRKPATRICK, *Deputy Register.*
Fort William, the 2d January, 1847.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

পশ্চাৎ লিখিত পাঠে যে সম্বাদ দেওনের আবশ্যক আছে তাহা অগৌণে দাখিল করিতে তোমার জিলার প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফদিগকে হুকুম দিতে আদেশ করিতেছি। এবং তোমার নিজ আদালতের বিষয়ে সেইরূপ কৈফিয়ৎ দাখিল করিতে তোমার প্রতি আদেশ হইতেছে।

২। প্রথম ঘরে উকীলেরদের নিজ যোগ্যতা ও গুণ ও ওকালতীর বাহুল্যের তারতম্যঅনুসারে তাঁহারদের নাম ক্রমশঃ লিখিতে হইবেক এবং গবর্ণমেন্টের অপেক্ষা আছে যে নানা আদালতসম্পর্কীয় কর্ম্মকারকেরা সাধ্যপর্য্যন্ত এই তারতম্যের ফিরিস্তি যথার্থ ও সূক্ষ্মরূপে প্রস্তুত করিবেন। যদি কোন দুই বা ততোধিক উকীলের গুণের শ্রেষ্ঠতার বিষয় নিশ্চয়করা দুঃসাধ্য হয় তবে তাঁহারদের নাম ব্রাকেটের* মধ্যে লিখিতে হইবেক। তোমার জিলার বিষয় উত্তম জ্ঞাত থাকাপ্রযুক্ত তুমি যদি অধীন আদালতের উকীলেরদের আচার ব্যবহার ও যোগ্যতার বিষয়ে কিছু কহিতে পার তবে এই সকল কৈফিয়ৎ পাঠাওনের সময়ে ঐ অধীন বিচারকেরদের দরপেশকরা তারতম্যের ফিরিস্তির বিষয়ে আপন মত জানাইবা।

৩। মন্তব্য কথার ঘরে আদালতে সামান্যত উপস্থিত কর্ম্মের যে অংশ প্রত্যেক উকীলের হাতে আছে তাহা সংক্ষেপরূপ এবং সাধ্যপর্য্যন্ত লিখিতে হইবেক। যদ্যপি এইমত বোধ হয় যে কোন উকীলের যোগ্যতা ও গুণ থাকিতেও অল্প কাল নিযুক্ত হওনপ্রযুক্ত তাঁহার তাদৃশ ওকালতী নাহি তবে তাহা ঐ ঘরে বিশেষ করিয়া লিখিতে হইবেক।

৪। কৈফিয়ৎ প্রস্তুত করণের সুগম হওনার্থ তোমার জিলার অচিহ্নিত বিচারকেরদের মধ্যে বণ্টন করিবার জন্যে লেখাশূন্য পাঠ তোমার নিকটে ইহার দ্বারা পাঠান যাইতেছে।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২ জানুআরি।

---

* যথা { }

Return of the Pleaders practising in the Court of the

Number according to qualification, merit and extent of practice.	Name of Pleader.	Date of Appointment.	Remarks.
1.	A. B.	1st March, 1825.	Has about ¼ of the practice of the Court.
2.	C. D.	10th September, 1835.	Have each about a fifth of the practice of the Court.
3.	E. F.	1st May, 1840.	

(True Copies)

W. KIRKPATRICK, *Deputy Register.*

অমুক আদালতে ওকালতী কর্ম্মকারি উকীলেরদের কৈফিয়ৎ।

যোগ্যতা ও গুণ ও ওকালতীর বাহুল্যের অনুসারে তাঁহারদের সংখ্যা।	উকীলের নাম।	নিযুক্ত হওনের তারিখ।	মন্তব্য কথা।
১	অমুক।	১৮২৫ সাল ১ মার্চ।	আদালতের ওকালতী কর্ম্মের চারি ভাগের এক ভাগ আছে।
২	অমুক।	১৮৩৫ সাল ১০ সেপ্টেম্বর	আদালতের ওকালতী কর্ম্মের পঞ্চম ভাগের এক ভাগ প্রত্যেকের আছে।
৩	অমুক।	১৮৪০ সাল ১ মে।	

(যথার্থ নকল।)

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে গত ৭ অক্টোবর তারিখের বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্রের নকল এবং তাহার সঙ্গে যে লিপি ছিল তাহা পাঠাইতেছি। ঐ লিপি দেশীয় ভাষার পাঠশালা গাঁথনের নিমিত্তে মুরশিদাবাদে আদায় হওয়া কএক জনের দান সম্পর্কে গত ১৮ সেপ্টেম্বর তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে নির্দ্ধারণের নকল। ১৮৪৪ সালের ১৪ ডিসেম্বর তারিখে গবর্ণমেণ্টের হুকুমের চতুর্থ দফায় এই নিরূপণ হইল যে বিদ্যা শিক্ষার নিমিত্ত ঘর তৎস্থাননিবাসি লোকেরা প্রস্তুত করিয়া দিবেন এবং মেরামৎ করিয়া রাখিবেন সেই ৪ দফার উপলক্ষে আদেশ করিতেছি যে তন্নিমিত্ত চাঁদার টাকা যখন ধনদাতারদের ইচ্ছাক্রমে সরকারী খাজানাখানায় দাখিল হয় তখন তাহা এক বিশেষ অভিপ্রায়ের চাঁদার ন্যায় জ্ঞান হইবেক এবং বিদ্যাধ্যাপনের সিরিশ্তার ১৮৪৪ সালের ২ অক্টোবর তারিখের গবর্ণমেণ্টের যে হুকুম ঐ তারিখের শ্রীযুত ছোট সেক্রেটারী বীডন সাহেবের ২১ নম্বরী সরক্যুলর পত্রে সংযুক্ত হইয়াছিল এবং ১৮৪৪। ৪৫ সালের সরকারী বিদ্যাধ্যাপনের সাধারণ রিপোর্টের ১ নম্বরী আপেণ্ডিক্সের মধ্যে ছাপা হইয়াছিল, তাহার উপলক্ষে তোমার খাজানাখানার হিসাবে ঐ টাকা "আমানতের" খাতায় জমা হইবেক। তৎপরে ঐ চাঁদার টাকাহইতে যাহা ব্যয় হয় তাহা উক্ত খাতায় খরচ লেখা যাইবেক এবং উক্ত প্রকার টাকা এবং বিদ্যাধ্যাপনসম্পার্কীয় বিশেষ২ অভিপ্রায়ের নিমিত্তে অন্য যেং টাকা জমা হয় তাহার এক বার্ষিক কৈফিয়ৎ

dum of Funds of the description referred to, as well as of the other receipts partaking of the nature of realizations for specific local purposes connected with Education regularly furnished to Government by the Local Committee of Public Instruction of your District, of which you are member, as required in the 3d Paragraph of the last cited orders. The above procedure will obviate the necessity of your obtaining the sanction of Government, or the Audit of the Civil Auditor, for Disbursements that you may have to make from such Funds, and enable you to debit them in account at once supported by the receipts of the Secretary to the Local Committee of Public Instruction.

2d. It appearing that the form of entries prescribed by Mr. Accountant General Morley's Circular letter of the 10th May, 1845, No. 691, is not precisely correct, as regards ittms pertaining to Vernacular schools, I have the honor to annex as per Margin* a revised form for your information and guidance in future.

R. WALKER,
Accountant to the Government of Bengal.

Fort William, Accountant's Office,
Rev. Department, the 28th December, 1846.

No. 943.

From Under Secretary to the Government of Bengal, to the Accountant to the Government of Bengal. Dated Fort William, the 7th October, 1846.

With reference to your Letter No. 277, dated the 2d ultimo to the address of the Secretary to the Government of India in the Financial Department, I am directed by the Deputy Governor to transmit to you the accompanying copy of a Resolution passed in that Department on the 18th Idem, and to request that you will communicate the instructions therein contained to the Collectors for their guidance.

* On the Receipt side "——Section of the Council of Education" on account of the English School.

Deductions, Savings, &c.		00 0 0

(Enter other receipts as they occur under this head.)

On the Disbursement side "—— Section of the Council of Education" on account of the English School.

Establishment for	184	00 0 0
Contingent charges for ...	184	00 0 0
Stationery for	184	00 0 0
Scholarship for	184	00 0 0
		00 0 0

(Enter other charges as they occur under this head.)

On account of Vernacular Schools.

Establishment of Teachers for	184	00 0 0
		00 0 0

তোমার জিলার সরকারী বিদ্যাধ্যাপনের যে কমিটির মেম্বর তুমি আছ সেই কমিটি শেষোক্ত হুকুমের ৩ দফা-অনুসারে গবর্ণমেণ্টে দাখিল করিবেন। এইরূপ কার্য্য-করণেতে ঐ প্রকার টাকাহইতে তোমার যাহা ব্যয় করিতে হয় তাহার বিষয়ে গবর্ণমেণ্টের অনুমতি অথবা সিবিল আডিটর সাহেবের মঞ্জুরী লইবার অবশ্যক হইবেক না এবং তাহা তুমি আপনার হিসাবের মধ্যে খরচ লিখিতে পারিবা কিন্তু তৎস্থানের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী সাহেবের রসীদের দ্বারা তাহা সাব্যস্ত করিতে হইবেক।

২। ১৮৪৫ সালের ১০ মে তারিখের ৬৯১ নম্বরী আকেকৌণ্টেণ্ট জেনরল শ্রীযুত মরলি সাহেবের সরকুলর অর্ডরে দেশীয় ভাষার পাঠশালার সম্পর্কে নানা দফা হিসাবে তুলনের পাঠে কিঞ্চিৎ ভ্রম আছে অতএব উত্তর কালে তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে সংশোধিত এক পাঠ নীচে লিখিতেছি *।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকেকৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট। ১৮৪৬। ২৮ ডিসেম্বর।

৯৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত আকেকৌণ্টেণ্ট সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেরের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৪৬। ৭ অক্টোবর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে গত মাসের ২ তারিখের ২৭৭ নম্বরী যে পত্র তুমি লিখিয়াছিলা তাহার উপলক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে সেই মাসের ১৮ তারিখের সেই সিরিশতার এক নির্দ্ধারণের পশ্চাৎ লিখিত নকল তোমার নিকটে পাঠাইতেছি এবং তাহার মধ্যে যে হুকুম আছে তাহা কালেক্টর সাহেবেরদের নিকটে তাঁহারদের উপদেশের নিমিত্তে পাঠাইতে আদেশ করিতেছি।

* জমার দিগে "অমুক ভাগে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের" ইঙ্গরেজী বিদ্যালয়ের জন্যে।

বাদ জমাপ্রভৃতি	০০ ০ ০

(আর২ যে টাকা জমা হয় তাহা এই শিরোভাগের নীচে লিখিতে হইবেক)

খরচের দিগে "অমুক ভাগে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের" ইঙ্গরেজী বিদ্যালয়ের জন্যে।

অমুক সালের চাকরপ্রভৃতির খরচ ...	০০ ০ ০
অমুক সালের বাজে খরচ	০০ ০ ০
অমুক সালের কাগজকলম ইত্যাদি ...	০০ ০ ০
অমুক সালের বৃত্তির জন্যে	০০ ০ ০
	০০ ০ ০

(অন্য সকল খরচ এই শিরোভাগের নীচে লেখা যাইবেক।)

এদেশীয় ভাষা শিক্ষাকরণার্থ পাঠশালায়

অমুক সালে শিক্ষকেরদের বেতন ...	০০ ০ ০
	০০ ০ ০

2d. I am also directed to refer you to the annexed copy of Circular No. 21, printed in Appendix No. 1, to the General Report on Public Instruction for the year 1844-45, containing the views of Government as to the manner in which receipts at the Local Treasuries on account of the Education Department should be disposed of.

(Signed) C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

No. 337.

1st. Ordered, that the papers noted in the Margin* be returned to the Bengal Office with a copy of a report from the Accountant, dated 2d instant, and the remark that if that Officer is correct in assuming that the subscriptions in question have become *Government* property, the charges paid from them should be passed by the Civil Auditor, and the course that the Collector should have adopted was to obtain from the Bengal Government in the Education Department the requisite sanction to these charges *before* forwarding his Bill to the Auditor for Audit. It now therefore only remains for the Bengal Government in the Education Department, if satisfied with the propriety of the charges, to authorize the Auditor to pass them.

2d. If on the other hand the subscriptions are *not* the property of Government, and yet have been properly received by the Collector in his public capacity for safe custody only the Accountant should have directed the Collector to credit them, not to the Education Department, but to "Deposits" from which account the charges would have been payable without requiring the sanction of Government or the pass of the Civil Auditor.

(By order)
(Signed) J. DORIN, *Secy. to the Govt. of India.*
Fort William, Financial Department,
The 18th September, 1846.

(True Copies)
(Signed) C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.
(True Copies)
(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

---

* Letter from the Officiating Secretary to the Sudder Board of Revenue to the Secretary to the Government of Bengal, dated 24th June, 1846, No. 204.

Letter from the Officiating Commissioner of Moorshedabad to Sudder Board of Revenue, dated 30th May, 1846, No. 125.

Letter from the Collector of Moorshedabad to the Officiating Commissioner of Revenue 14th Division, Bauleah, dated 23d May, 1846, No. 77.

Letter from the Officiating Commissioner of Rajshahye to the Sudder Board of Revenue, dated 30th June, 1846, No. 141.

Letter from the Officiating Collector of Moorshedabad to the Officiating Commissioner of Revenue 14th Division Bauleah, dated 27th June, 1846, No. 94.

[*Government Gazette, 26th January,* 1847.]

২। ১৮৪৪। ৪৫ সালের বিদ্যাধ্যাপনের সাধারণ রিপোর্টের ১ নম্বরী আপেণ্ডিক্সে যে ২১ নম্বরী সরকুলর মুদ্রিত হইয়াছিল তাহার এক নকল তোমার নিকটে পাঠাইয়া তাহা দৃষ্টি করিতে আদেশ করিতেছি যেহেতুক জিলার খাজানাখানায় বিদ্যাধ্যাপনের সিরিশ্‌তার সম্পর্কে যে সকল টাকা দাখিল হয় তাহা ব্যয় করণের বিষয়ে গবর্ণমেন্টের অভিপ্রায় তাহাতে লেখা আছে।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

৩৩৭ নম্বর।

১। হুকুম হইল যে পশ্চাৎ* লিখিত কাগজপত্র বাঙ্গলা দফ্তরে আক্কোন্টেন্ট সাহেবের ২ তারিখের রিপোর্টের নকল সমেত পাঠান যায় এবং ইহা জ্ঞাত করা যায় যে ঐ চাঁদার টাকা সরকারের সম্পত্তি হইয়াছে এই বিষয়ে ঐ আক্কোন্টেন্ট সাহেব যে অনুভব করিয়াছেন তাহা যদ্যপি যথার্থ হয় তবে তাহাহইতে যে টাকা ব্যয় হয় তাহা সিবিল আডিটরের মঞ্জুর করণের আবশ্যক আছে এবং কালেক্টর সাহেবের উচিত ছিল যে তাহার বিল ঐ আডিটর সাহেবের মঞ্জুরীর নিমিত্ত তাঁহার নিকটে পাঠাওনের পূর্ব্বে বিদ্যাধ্যাপনের সিরিশ্‌তায় ঐ খরচের অনুমতি বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের স্থানহইতে আনান্। এক্ষণে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের বিদ্যাধ্যাপনের সিরিশ্‌তায় কেবল ইহা করা উচিত যে ঐ খরচ যদি যথার্থ বোধ হয় তবে আডিটর সাহেবকে তাহা মঞ্জুর করিতে অনুমতি দেন্।

২। পক্ষান্তরে যদি ঐ চাঁদার টাকা সরকারের সম্পত্তি না হয় এবং যদি কালেক্টর সাহেব আপনার সরকারী পদোপলক্ষে ঐ টাকা নির্ব্বিঘ্নে থাকনের নিমিত্তে যথার্থরূপে তাহা লইয়া থাকেন তবে আক্কোন্টেন্ট সাহেবের উচিত যে ঐ টাকা বিদ্যাধ্যাপনের সিরিশ্‌তায় জমা না করিয়া "আমানতের" খাতায় জমা করিতে কালেক্টর সাহেবকে হুকুম দেন এবং তৎপরে সেই খাতার টাকা গবর্ণমেন্টের অনুমতি অথবা সিবিল আডিটরের মঞ্জুরী বিনা ব্যয় হইতে পারে।

জে ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।
১৮৪৬। ১৮ ডিসেম্বর।

(যথার্থ নকল।)
সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল।)
আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আক্কোন্টেন্ট।

---

*বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর একটিং সেক্রেটারী সাহেবের ১৮৪৬ সালের ২৪ জুন তারিখের ২০৪ নম্বরী পত্র।

সদর বোর্ড রেবিনিউর প্রতি মুরশিদাবাদের একটিং কমিস্যনর সাহেবের ১৮৪৬ সালের ৩০ মে তারিখের ১২৫ নম্বরী পত্র।

১৪ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া এলাকার রাজস্বের শ্রীযুত একটিং কমিস্যনর সাহেবের প্রতি মুরশিদাবাদের কালেক্টর সাহেবের ১৮৪৬ সালের ২৩ মে তারিখের ৭৭ নম্বরী পত্র।

সদর বোর্ড রেবিনিউর প্রতি রাজশাহীর একটিং কমিস্যনর সাহেবের ১৮৪৬ সালের ৩০ জুন তারিখের ১৪১ নম্বরী পত্র।

১৪ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া এলাকার রাজস্বের শ্রীযুত একটিং কমিস্যনর সাহেবের প্রতি মুরশিদাবাদের একটিং কালেক্টর সাহেবের ১৮৪৬ সালের ২৭ জুন তারিখের ৯৪ নম্বরী পত্র।

No. 100.

To the Magistrates of the Lower Provinces.

Government having, in their orders to the address of the Magistrate of Beerbhoom, dated 28th October last, been pleased to rule, that disbursements on account of Commission to Jail Darogahs at 35 per Cent., out of profits of Jail manufactures may be made without reference to it for authority, I have to request, that you will consider, as cancelled, that part of my Circular Orders of the 24th June last above referred to, which requires your obtaining the orders of Government in support of such disbursements, and that you will in future, adjust all such charges in your accounts under the authority of Memoranda particularizing the amount payable to the Darogah of your District Jail, which are to be prepared and furnished to you annually from this Department, forwarding the said documents to this Office duly receipted by the Jail Darogah with the Cash Accounts in which the said charges may appear. Copies of these Documents should be retained in your own records for reference.

R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
The 13th January, 1847.

No. 719.

To the Collectors of Land Revenue.

I have the honor to annex hereto for your information and guidance, copy of a letter to my address from the Secretary to the Government of India in the Financial Department, dated the 18th ultimo, and to request that you will immediately give effect to the orders therein conveyed for the promotion of the general circulation and use of the smaller Silver Currency of British India, so far as at present lies in your power, and further, that you will be pleased to report to me at an early period, the quantity of Eight, Four, and Two Anna Pieces that you may still require to give more complete effect to the orders alluded to.

(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 14th January, 1847.

No. 44.

To R. Walker, Esquire, Accountant to the Government of Bengal.

The Honourable the Court of Directors being anxious to promote as far as possible the general circulation and use of the smaller Silver Coinages of British India, I am directed by the Honourable the Deputy Governor of Bengal to request that you will keep the Mofussil Revenue Treasuries well supplied with these Coins, and instruct the Collectors to allow all parties, who may have to receive payments from their Treasuries, the option of tak-

১০০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

গত অক্টোবর মাসের ২৮ তারিখে গবর্ণমেন্ট বীরভূমের মাজিষ্ট্রেট সাহেবকে যে হুকুম দিয়াছিলেন তাহাতে এই বিধান ছিল যে জেলখানায় প্রস্তুতকরা শিল্প দ্রব্যের প্রাপ্তিহইতে শতকরা ৩৫৲ টাকা করিয়া যে কমিসান ঐ জেলখানার দারোগাকে দিতে হয় সেই কমিস্যনের টাকা গবর্ণমেন্টের বিশেষ অনুমতি না লইয়া দেওয়া যাইতে পারে। অতএব গত ২৪ জুন তারিখের আমার সরক্যুলর অর্ডরের যে ভাগে লেখা ছিল যে ঐ প্রকার ব্যয়ের পোষকতার নিমিত্তে গবর্ণমেন্টের বিশেষ হুকুম আনিতে হইবেক তাহা রদ হইয়াছে জ্ঞান করিবা এবং তোমার জেলখানার দারোগাকে যত টাকা দিতে হয় তাহার বিবরণের যে লিপি এই সিরিশ্তাহইতে প্রতিবৎসরে প্রস্তুত হইয়া তোমার নিকটে পাঠান যাইবেক তাহার ক্ষমতাক্রমে সেই সকল হিসাব তুমি উত্তর কালে মোকাবিলা করিবা এবং যে নগদ টাকার হিসাবে ঐ ব্যয় লেখা যায় তাহার সঙ্গে ঐ জেলখানার দারোগার রীতিমত রসীদকরা উক্ত লিপি এই দপ্তরে পাঠাইবা। তাহার এক নকল উত্তর কালে দেখিবার নিমিত্তে তোমার রোয়দাদের মধ্যে রাখিতে হইবেক।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকেকৌন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌন্টেন্ট সাহেবের দপ্তরখানা।
১৮৪৭। ১৩ জানুআরি।

---

৭১৯ নম্বর।

ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

গত মাসের ১৮ তারিখে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেব আমার নিকটে যে পত্র পাঠাইলেন তাহার এক নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি এবং ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারস্থ রূপার রেজকী মুদ্রা সর্ব্বত্র চালাওন ও অধিক ব্যবহার করিবার নিমিত্তে তাহাতে যে হুকুম আছে তদনুসারে অগৌণে সাধ্যপর্য্যন্ত কার্য্য করিবা এবং আরো ঐ হুকুম সম্পূর্ণরূপে জারী করিবার নিমিত্তে তোমার ॥০ আনা ।০ আনা ও ৶ আনার যত রেজকীর আবশ্যক হইবেক তাহার রিপোর্ট অতিশীঘ্র আমার নিকটে করিবা।

আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকেকৌন্টেন্ট।

ফোর্ট উলিয়ম। আকেকৌন্টেন্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেন্ট।
১৮৪৭। ১৪ জানুআরি।

৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আকেকৌন্টেন্ট শ্রীযুত আর ওয়াকর সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের অধিকারস্থ রূপার রেজকী মুদ্রা সর্ব্বত্র চালাওন ও ব্যবহার করণের বিষয়ে অত্যন্ত ইচ্ছুক আছেন অতএব বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী-গবর্নর্ সাহেবের হুকুমক্রমে তোমাকে আদেশ করিতেছি যে মফঃসলের খাজানাখানায় তুমি এই রেজকী মুদ্রা বাহুল্যরূপে পাঠাও এবং কালেক্টর সাহেবদিগকে এইমত বিজ্ঞাপন কর যে তাঁহারদের খাজানাখানাহইতে যাঁহারদের টাকা লওনের আবশ্যক হয়

ing any portion they please of the sums due to them in 8, 4, or 2 Anna pieces, and to notify for general information that these small Coins will be issued in exchange for Silver in sums of not less than 20 Rupees to whoever may desire so to take them.

(Signed) J. A. DORIN,
Secy. to the Govt. of India.
(True Copy)
(Signed) R. WALKER,
Accountant to the Govt. of Bengal.
Fort William, the 18th December, 1846.

তাঁহারদের ইচ্ছামতে তাঁহারা তন্মধ্যে যত রেজকী চাহেন তাহা ॥০ আনা ।০ আনা ও ৵ আনার মুদ্রাতে তাঁহারদিগকে লইতে অনুমতি দেন এবং তুমি সর্ব্বত্র জ্ঞাত কর যে যে কোন ব্যক্তি এই রেজকী লইতে চাহেন তাঁহারা অন্যূন ২০৲ টাকার পরিবর্ত্তে তাহা পাইতে পারেন্।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
(যথার্থ নকল।)
আর ওয়াকর।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের আক্কৌন্টেন্ট।
ফোর্ট উলিয়ম। ১৮৪৬। ১৮ ডিসেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 15th January, 1847.

Mahomed Danish, Moonsiff of Hutteeah, for one week, from the 5th instant.

Baboo Taruknath Bose, Moonsiff of Noabad, Zillah Jessore, for one month beyond the Mohurrum Vacation.

Ahmud Ally, Moonsiff of Lohagara, Zillah Jessore, for five days.

Baboo Woomeschunder Mokerjea, Moonsiff of Putneetullah, Dinagepore and Acting Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs, for 6 months from 4th instant.

Baboo Benninath Bose, Moonsiff of Cuttack, to the end of March in extension of that granted on the 13th of November last.

J. HAWKINS, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ জানুআরি।

হাতিয়ার মুনসেফ শ্রীযুত মহম্মদ দানিশ বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফ শ্রীযুত বাবু তারকনাথ বসু মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা যশোহরের লোহাগড়ার মুনসেফ শ্রীযুত আহম্মদ আলী পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরে পত্নীতলার মুনসেফ ও জিলা চব্বিশপরগনার লবসার এক্টিং মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখুয্যা বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

কটকের মুনসেফ শ্রীযুত বাবু বেণিনাথ বসু গত নবেম্বর মাসের ১৩ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত গত মার্চ মাসের শেষপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৩ জানুআরি।

যশোহরের আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত সি কে ডব সাহেব (Mr. C. K. Dove,) হুগলীতে সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

শ্রীযুত সি ক্রাইটন সাহেব (Mr. C. Crichton,) যশোহরে আবকারীর সুপরিন্টেণ্ডেন্ট হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমানে সলীমাবাদের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৩ জানুআরি।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর ফতওয়াদারক শ্রীযুত মৌলবী সৈয়দ আহমদ বক্শকে গত নবেম্বর মাসের ২৫ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি রহিত হইল।

যশোহরের এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এস সিটন কার সাহেবকে (Mr. W. S. Seton Karr,) গত মাসের ১৪ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি রহিত হইল।

[*Government Gazette, 26th January*, 1847.]

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ১৬ জানুআরি।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ শ্রীযুত আর জে লফনান সাহেব (Mr. R. J. Loughnan,) বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

কটকের কালেক্টর শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) বর্ত্তমান মাসের ৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের প্রধান মেম্বর শ্রীযুত ডবলিউ ব্লন্ট সাহেব (Mr. W. Blunt,) বর্ত্তমান মাসের ৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব (Mr. H. V. Hathorn,) বর্ত্তমান মাসের ৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter.) বর্ত্তমান মাসের ৮ তারিখে নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন্।

শ্রীযুত আর টেম্পল সাহেব (Mr. R. Temple,) ও শ্রীযুত এ এল মেলবিল সাহেব (Mr. A. L. Melville,) ও শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr. R. P. Jenkins,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৮ তারিখে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন্।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত পি এস মেলবিল সাহেব (Mr. P. S. Melvill,) ও শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russel,) ও শ্রীযুত জে সি ডডসন সাহেব (Mr. J. C. Dodgson,) ও শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) ও শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. Mackillop,) ও শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) ও শ্রীযুত লার্ড ডবলিউ এম হে সাহেব (Lord W. M. Hay,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১২৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ১৩ জানুআরি।

পাবনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ ডি ইটুএল সাহেব (Mr. W. D. Eatwell,) ঐ জিলার ডাকাধ্যক্ষও হইবেন।

১৮৪৭ সাল ১৮ জানুআরি।

কটকের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) ঐ জিলার দলীল দস্তাবেজের রেজিষ্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত রায় কুশল সিংহ পাটনাতে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৭ সাল ২০ জানুআরি।

শ্রীযুত পাদরি জে বেল সাহেব (Rev. J. Bell,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দারজিলিঙ্গে যাইবার ছুটী পাইয়া বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ঐ স্থানের ধর্ম্মোপদেশকর্ত্তা কর্ম্ম করিতে অনুমতি পাইয়াছেন।

শাহাবাদের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি সি হচিনসন সাহেব (Mr. T. C. Hutchinson,) ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৮ জানুআরি।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R. J. Richardson,) গত নবেম্বর মাসের ১৪ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এফ মন্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) পনের দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশ্রফ আলী এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২০ জানুআরি।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন খাজনাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেবের (Mr. L. Barber,) প্রতি অর্পণ করেন্।

কটকের দক্ষিণ অঞ্চলের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর বি গারেট সাহেব (Mr. R. B. Garrett,) বর্ত্তমান মাসের ১১ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত টি বি মাকটিয়র সাহেবের (Mr. T. B. Mactier,) প্রতি অর্পণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr. W. Luke,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন্।

আক্যাবে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ পি ফের সাহেব (Captain A. P. Phayre,) সরকারী কর্ম্মে মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ৭ তারিখে আপন সিরিশতার কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেবের (Lieutenant G. Faithfull,) প্রতি অর্পণ করেন।

মুরশিদাবাদের একটিং কালেক্টর শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) সরকারী কর্ম্মে মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন খাজনাখানার ভার আপন আসিষ্টাণ্ট শ্রীযুত রাবর্ট আলেকজাণ্ডর সাহেবের (Mr. Robert Alexander,) প্রতি অর্পণ করেন্।

আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এল পি ডি এল্ড সাহেব (Captain L. P. D. Eld,) "সৌথামটন" নামক জাহাজ দ্বারা ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ১ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

পিনাঙ্গে সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত ই এ ব্লণ্ডেল সাহেব (Mr. E. A. Blundell,) বর্ত্তমান মাসের ৮ তারিখে ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) বর্ত্তমান কালের নিয়মিত ছুটী প্রাপ্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

OPIUM ADVERTISEMENT. আফিমবিষয়ক ইশ্তিহার।

ফোর্ট উলিয়ম আফিম দপ্তর সন ১৮৪৭ সাল তারিখ ৫ জানুআরি মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ২২ পৌষ।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৭ সাল তারিখ ২৫ জানুআরি মোতাবকে বাঙ্গলা সন ১২৫৩ সাল তারিখ ১৩ মাঘ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪৫। ৪৬ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানির জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় করা যাইবেক।

বেহারের পয়দায়শী আফিম——১৬৯০
বানারসের পয়দায়শী আফিম—— ৭১৫

জুমলা সিন্দুক ২৪০৫

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিমসকল সমুদ্রপথে রপ্তানি জন্য বিক্রয় করা যাইবেক এবং এরূপে রপ্তানি ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৬ জানুআরি।]

২ দফা। ফিসিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে চলিতমতে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক যদিস্যাৎ এমত কোন ঘটনা উপস্থিত না হয় যে ঘটনার জন্যে এই নীলামের শরতের ১২ দফায় বিশেষ নিয়ম নির্দ্ধারিত করা গেল।

৩ দফা। ঐ নীলাম পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘন্টার সময় আরম্ভ হইবেক এবং অপরাহ্ণে দুই প্রহর পাঁচ ঘন্টার পর স্থগিত হইবেক কিন্তু যদি ঐ ঘড়িতে যে সকল লাটহায় বিক্রয়ের কারণ ইশ্‌তেহার হইল তাহার কতক লাট গরবিক্রী থাকে তবে সাহেবান বোর্ডের বিবেচনানুসারে তৎপর দিবস যদি সে দিবস রবিবার কিম্বা কোন পর্ব্বাহ না হয় তবে বেলা এগার ঘন্টার সময় পুনশ্চ বিক্রয় করিতে আরম্ভ করা যাইবেক এই রীতিক্রমে যাবৎ সামুদায়িক লাট বিক্রীত না হয় তাবৎ নীলাম করা যাইবেক আর যে দিবসে বিক্রয়ের ইশ্‌তেহার হইল সে দিবস যদি ঐ সমুদয় ২৪০৫ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে যে সকল লাট হাতে থাকিবেক তাহা সাহেবান বোর্ড ভবিষ্যৎ কোন নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৪ দফা। ঐ আফিমের ফিলাট ৫ সিন্দুকে হইবেক।

৫ দফা। নীলাম ঘরের ভিতর খরিদারের নাম সেলবহিতে রেজেষ্টরী হওনের পূর্ব্বে প্রত্যেক লাট যে দরে ডাক মঞ্জুর হইবেক সেই দরের মোটের উপর ফিশত ২৫৲ টাকার হিসাবে খরিদারকে আমানত পেশগীর বাবৎ প্রমিস্যরী নোট অর্থাৎ তমঃসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি সন ১৮৪৭ সালের ২৭ জানুআরি বুধবার বেলা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রমিস্যরী নোটসকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবে টাকা অথবা সবত্রেজরর সাহেবের রসিদ কিম্বা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময় ও সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোক্‌সান ও খরচ খরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রমিস্যরী নোট লওয়া যাইবেক তাহা যদি আগামি পূর্ব্বোক্ত ১৮৪৭ সালের ২৭ জানুআরি তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকীলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেইমত তিনি ঐ নোটের বাবৎ টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবৎ আমানত পেশগীর টাকা ঐ ২৭ জানুআরি দিবা দুই প্রহর চারি ঘন্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এইক্ষণে ইশ্‌তেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখ ইস্তক পূরা পোনের দিনের মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৭ সালের ৯ ফিব্রুআরি মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘন্টার পর উক্ত কিস্মতের বাবৎ ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না যদিস্যাৎ ঐ আফিমের কোন লাটের টাকা দাখিল হইয়া হিসাব নিষ্পত্তি না হয় তবে যে দরে লাট ডাক মঞ্জুর হইয়া থাকে তাহার মোট টাকার উপর ফিশত ২৫৲টাকার হিসাবে সমান পরিমাণে যে টাকা আমানত হইয়া থাকিবেক অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা ঐ লাট ফিসিন্দুকের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক। পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিশানের দ্বারা যে তারিখে যে প্রকারে নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকারে ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক। তাহাতে ছানি নীলামে যে লাভ হইবেক তাহাতে না দাওয়া হইয়া পহিলা খরিদারকে প্রথম খরিদ দরহইতে ছানি নীলামের খরিদ দরে যত টাকা নোকসান অথবা তফাওৎ হইবেক তাহা আদায় করিতে হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্তমতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা স্পষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্তমতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক২ লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই ইশ্‌তেহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেলবহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং ঐরূপ আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুরা খালাস হইলে পর পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগকে অথবা তাহারদিগের বরাতি লোককে ফিরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিশান বোর্ডের তরফ সরকারী যে সাহেব নীলামের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি আপন বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদি স্যাৎ সে ব্যক্তি যে ডাক করিবেক তাহার মোট টাকার উপর ফিশতে ২৫৲ টাকার হিসাবে সমান পরিমাণে বাঙ্গাল বেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ তলব করিবামাত্র দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলাম রোধ করণের মানসে কেহ কৃত্রিম ডাক করিলে তাহা রহিত করণার্থে এই ইশ্‌তেহারের দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সরকারের কার্য্যকারক যে সাহেব নীলামের কর্ম্ম সম্পাদন করিবেন তিনি নীলামকালে যে কোন সময়ে হউক আপন এক্তিয়ারে কোন গরবিক্রী লাটের নীলাম রহিত করিয়া পুনরায় তৎক্ষণাৎ সেই লাট উক্ত পরিমিত মূল্যে ধরিতে পারিবেন তাহাতে সেই দর ক্রমে কর্ম করিতে থাকিবেন যাবৎ কেহ ডাক না করে তদনন্তর প্রথমে যে ব্যক্তি পূর্ব্বোক্তমতে কোন লাটের নিমিত্তে অকৃত্রিম ডাক করিবেক সেই ব্যক্তি ঐ লাটের খরিদাররূপে গণ্য হইবেক এবং ঐ নীলামের কার্য্যসম্পাদক সাহেবের আরো এক্তিয়ার রহিল যে তাহার পর যত

[*Government Gazette, 26th January, 1847.*]

লাট উচিত বুঝিবেন তত লাট ঐরূপে বিক্রয় করিতে পারিবেন কিন্তু এই শরতের ২ দফায় লিখিত ন্যূন সংখ্যা ৪০৫৲ টাকার মূল্যের কমে কোন লাট বিক্রয় হইবেক না।

১৩ দফা। নীলামি খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর-হইতে যত লাট সেই এজেন্সির আফিম খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে ২৫ লাটপর্য্যন্ত উর্দ্ধ সংখ্যা খরিদ করিতে পারিবেক এবং এইরূপে যত লাট খরিদ হইবেক তত লাটের বাবৎ পহিলা লাটের মোট দরের উপর ২৫৲ টাকার হিসাবে যত টাকা হয় সেই হিসাবে সমান পরিমাণে টাকা আমানত করিতে হইবেক। এবং পহিলা লাট কি সিন্দুক যত টাকা দরে খরিদ করিয়া থাকে সেই হিসাবে কিম্মতের টাকা দাখিল করিতে হইবেক এমতে যদি ন্যাৎ ঐ আফিমের এত লাট গরবিক্রী থাকে যে তাহাতে ২৫ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৪ দফা। এই ইশতেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিমের হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পত্তি হইবেক আর খরীদারেরদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৫ দফা। নীচের লিখিত তপসীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রী হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবীজের রিপোর্ট।

১৬ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪৫। ৪৬ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত যত্ন ও খবরদারি করা গিয়াছে বিশেষতঃ আফিমের নোচসুদ্ধা নিভাঁজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং গুটী তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটীতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক। এবং গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরীদারান লোককে দেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিয়ান বিবেচনা করিতে পরিবেন যে কি প্রকার নির্ব্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে ইশতেহার হইল তাহার ওজন ও রকমের বিষয়ে আফিমের কারবারসম্পর্কীয় কোন ব্যক্তি আর কোন সমাচার জানিতে চাহিলে পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তর-খানায় দরখাস্ত করিলে পূর্ব্বাপর রীত্যনুসারে জানিতে পারিবেক কিন্তু নীলামের পর যে সকল সিন্দুক জাহাজে রপ্তানি করিবার নিমিত্তে দেওয়া যাইবেক সেই আফিমের ওজন কমী অথবা তফাওত কিম্বা মিশ্রিত করণের ওজরে এনামের জন্যে কোন দাওয়া করিলে তাহা প্রচলিত নিয়মানুসারে শ্রীযুক্ত সাহেবান বোর্ড কোন প্রকারেই শুনিবেন না ও গ্রাহ্য করিবেন না।

১৮ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

				বেহার সিন্দুক	বানারস সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৪৭ সালের	২২ ফেব্রুআরি	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	২২ মার্চ	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৯ এপ্রেল	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৭ মে	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১৪ জুন	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৯০	৭১৫	২৪০৫
ঐ	১২ জুলাই	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৬৮৫	৭২৩	২৪০৮
				১০১৩৫	৪২৯৮	১৪৪৩৩

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি।

জি প্লোডন। সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তেহার।

ইস্তেহারনামা কাছারী কালেক্টরী জেলা ভাগলপুর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ দফার মতে ইস্তেহার দেওয়া যাইতেছে যে অত্র জেলার সম্পর্কীয় নীচের লিখিত মহালসকল সরকারী বাকী মালগুজারি বাবৎ যাহা সন ১৮৪৭ সালের ৫ জানুআরিপর্য্যন্ত দাখিল হওয়া উচিত ছিল তাহা সন হালের তাং ৩ ফিব্রুআরিতে জেলা ভাগলপুরের কালেক্টরির কাছারীতে নীলাম হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৬ জানুআরি।]

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	নং জেলার তৌজিতে মহালের নাম	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১৮৪৬ সালের লাং নবেম্বর বাকী	মন্তব্য কথা
১	ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল	৩৮	জপ্তী জমী বিন্দুপাড়া পং কাকজোল	নীলমণি শর্ম্মা	১২৬৶৮	৬।৶	সমুদর নীলাম হইবেক।
ঐ	ঐ নং ৪ থানা	৩৭	৮২।১ জমী জায়গীর দাউদ সুবেদার পং কাকজোল মৌং পলাশগাছি মধ্যে থানা উধুওয়ালালা ১০০/ বিঘা	নবিবক্স গয়রহ ইত্যাদি ওয়ারিস	২১৬৮৬	১১৲	ঐ
ঐ	ঐ	১০৪	আরাজীগির রমজানি সুবেদার উক্ত থানার ঐ পং মধ্যে	ভিকা ওয়ারিস	১২৬৬	৬৲	ঐ
২	ইস্তেমরারী জমা ধার্য্য না হওয়া মহাল	৮৮০	থানা উধুওয়ালালা পং কাকজোল	পার্ব্বতী দেব্যা চৌধুরাইন	১২৭॥৯	৬৪৲	ঐ

তাং ১৬ জানুআরি সন ১৮৪৭ ইংরেজী।

C. D. Russell, *Collector.*

INSOLVENT COURT. — যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ROBERT COLLINS MACDONALD, an Insolvent.

On Saturday the 2d day of January instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 42,861-11-0 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 36 per cent. (which will amount to the sum of Co.'s Rs. 41,947-5-6,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Assignee's Office, 19th January, 1847.

শহর কলিকাতার অক্ষম ঋণিরদিগের পরিত্রাণার্থ আদালত।

যোত্রহীন রাবর্ট কলিন্স মাকডনালুড সাহেবের বিষয়ে বর্ত্তমান জানুআরি মাসের ২ তারিখ শনিবারে আসৈনি সাহেবের দরখাস্তমতে হুকুম হইল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া লেখা থাকে সেই সকল দাওয়া উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাব্যস্ত হইলে উক্ত আসৈনি সাহেবের হাতে যে ৪২,৮৬১॥৶ টাকা আছে তাহাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৩৬৲ টাকার ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪১,৯৪৭।/৬ টাকা দেন।

ইহার সম্বাদ দেওয়া গেল।

আসৈনির দপ্তরখানা। ১৮৪৭। ১৯ জানুআরি।

The like notice in the matter of ALBERT MIRABEAU DOWLEANS, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 16,057-3-7 a Dividend at the rate of 100 per cent. (amounting to Co.'s Rs. 16,332-10 As. 1 Pie) be paid.

যোত্রহীন আলবর্ট মিরাবো ডৌলিয়ন্স সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া গেল ইহাতে হুকুম হইল যে ১৬,০৫৭৶৭ টাকাহইতে শতকরা ১০০৲ টাকার ডিবিডেণ্ড অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৬,৩৩২॥৶১ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of ROBERT HORNIDGE BUCKLAND, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 9,706-14-6, a Dividend at the rate of 11 per cent. (amounting to Co.'s Rs. 9,277 6-5,) be paid.

যোত্রহীন রাবর্ট হর্নিজ বকলাণ্ড সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৯,৭০৬৸৶৬ টাকাহইতে শতকরা ১১৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯,২৭৭।৶৫ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of THOMAS PHILPOT, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 1,804-14-2, a Dividend at the rate of Co.'s Rs. 22 per 100 Sa. Rs. (amounting to Co.'s Rs. 1,706-1-5,) be paid.

যোত্রহীন তামস ফিলপট সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১,৮০৪৸৶২ টাকাহইতে সিক্কা ১০০৲ টাকার উপর কোং ২২৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৭০৬/৫ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of OBHOY CHURN DUTT, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 7,252-4-10, a Dividend at the rate of Co.'s Rs. 4 per 100 Sa. Rs. (amounting to Co.'s Rs. 7,018-9-5,) be paid.

যোত্রহীন অভয়চরণ দত্তের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৭,২৫২।১০ টাকাহইতে সিক্কা ১০০৲ টাকার উপর কোং ৪৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৭,০১৮॥/৫ টাকা দেওয়া যায়।

[*Government Gazette, 26th January,* 1847.]

The like notice in the matter of THEODORE DICKENS, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 13,534-11-3, a Dividend a the rate of 1½ per cent. (amounting to Co.'s Rs. 11,573-7-8,) be paid.

যোত্রহীন থিয়োডোর ডিকিন্স সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১৩,৫৩৪৷৷৶৩ টাকাহইতে শতকরা ১৷৷৹ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১,৫৭৩ ।৵৮ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of RICHARD FRANCIS MACVITIE, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 3,814-4-5, a Dividend at the rate of 15 per cent. (amounting to Co.'s Rs. 3,672-2-1,) be paid.

যোত্রহীন রিচার্ড ফ্রান্সিস মাকবিটি সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৩,৮১৪ ।৫ টাকাহইতে শতকরা ১৫৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৬৭২৴১ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of STEPHEN READ, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 864-2-11, a Dividend at the rate of 4 per cent. (amounting to Co.'s Rs. 674-15-1,) be paid.

যোত্রহীন ষ্টীবন রীড সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ৮৬৪৴১১• টাকাহইতে শতকরা ৪৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬৭৪৸৴১ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JOHN MONTIETH, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 14,591-11-1, a Dividend at the rate of 28 per cent. (amounting to Co.'s Rs. 14,327-12-2,) be paid.

যোত্রহীন জান মণ্টীথ সাহেবের বিষয়ে উক্ত প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১৪,৫৯১৷৷৴১ টাকাহইতে শতকরা ২৮৲ টাকার ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৪,৩২৭৷৷৶২ টাকা দেওয়া যায়।

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of WILLIAM CHARLES STANFORD, (sued by the name of W. C. Stanford,) late of Loudon Street, in Chowringhee, in the Town of Calcutta, and formerly an Assistant in the Government Savings Bank at Calcutta, late a Prisoner confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the ninth year of the Reign of his late Majesty George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard on Saturday the sixth day of March next.

The names of the creditors of the said Insolvent, appear in a Schedule filed with the said Petition in the Office of the Chief Clerk of the said Court, to which any creditor may refer.

16th January, 1847. W. H. OWEN, *Attorney for the said Insolvent.*

কলিকাতা নগরে গবর্ণমেণ্ট সেবিং ব্যাঙ্কে আসিষ্টাণ্ট ও পূর্ব্বে কলিকাতা নগরের চৌরঙ্গীতে লৌডন ষ্ট্রিট নিবাসি ডবলিউ সি ষ্টানফোর্ড নামে সফীনাহওয়া উলিয়ম চার্লস ষ্টানফোর্ড সাহেব সম্প্রতি কলিকাতার সাধারণ জেলখানায় কয়েদ হইয়া ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক মৃত চতুর্থ জর্জ রাজার নবম বৎসরের আইনের দ্বারা উপকার প্রার্থনা করিতেছেন অতএব ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আদালতের হুকুমক্রমে তাঁহার দরখাস্তের মর্ম্ম আগামি মার্চ মাসের ৬ তারিখ শনিবারে শুনা যাইবেক।

উক্ত যোত্রহীনের মহাজনেরদের নাম তফসীলে লিখিত হইয়া তাঁহার উক্ত দরখাস্তসম্বলিত উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে। মহাজনেরা তাহা দেখিতে পারেন।

১৮৪৭ সাল ১৬ জানুআরি। ডবলিউ এচ ওএন। উক্ত যোত্রহীনের উকীল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৬ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 2, 1847.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৭ সাল ২ ফেব্রুআরি।

EDUCATION NOTICE.

An Examination will be held early in April 1847, in the College of Fort William, for the purpose of filling up existing vacancies in the Secondary or Military Class of the Medical College. All candidates will be expected to possess an adequate knowledge of the Hindoostanee language, to enable them to read and write it in the Persian or Devanagri character.

2. All Interpreters of Regiments and Battalions will be requested through the Military Department, not to grant certificates of qualification to any candidate under the age of fifteen and above that of twenty years: and likewise to reject all who may not pass the prescribed ordeal with a sufficient degree of fluency and facility. Much disappointment, expense and inconvenience have already been experienced by lads from distant stations being furnished with certificates, who were found on examination quite unqualified for admission, and it is with a view to prevent the recurrence of this that the above measure has been adopted.

3. Candidates for admission will be required to present themselves before the Secretary to the Medical College, at least three days prior to the day of examination, in order that a proper descriptive roll may be prepared, for transmission to the examiners of the College of Fort William.

4. The preference in selection, attainments being equal, will be given to those who have already been attached to, or served in civil or regimental hospitals.

5. No candidate will be allowed to present himself for examination who cannot produce a written testimonial of his conduct and character, or afford satisfactory evidence as to who and what he may be. A few individuals of decidedly bad character have upon recent occasions managed to

বিদ্যাধ্যাপনের ইশ্‌তিহার।

মেডিকেল কালেজের অন্তঃপাতি দ্বিতীয় অর্থাৎ মিলিটারীসম্পর্কীয় সম্প্রদায়ের কএক পদ শূন্য হইয়াছে অতএব তাহাতে ছাত্র নিযুক্ত করিবার নিমিত্তে ১৮৪৭ সালের আপ্রিল মাসের আরম্ভে ফোর্ট উলিয়ম কালেজে ইমতিহান হইবেক। পদাকাঙ্ক্ষিরদের হিন্দুস্থানী ভাষায় এমত উপযুক্ত জ্ঞান থাকিবেক যে তাহারা ঐ ভাষা পাঠ করিতে পারে এবং পারসী কিম্বা দেবনাগর অক্ষরে তাহা লিখিতে পারে।

২। রেজিমেণ্ট এবং বাটালিয়নের সকল দোভাষি সাহেবের প্রতি হুকুম হইল যে তাঁহারা পনের বৎসরের ন্যূন কি বিশ বৎসরের অধিকবয়স্ক কোন পদাকাঙ্ক্ষিকে যোগ্যতার সর্টিফিকট না দেন্ এবং যাহারা নিরূপিত পরীক্ষায় উচিতমত এবং অনায়াসে উত্তীর্ণ না হইতে পারে তাহারদিগকে অগ্রাহ্য করেন্। ইহার পূর্ব্বে দূর স্থানের যে বালকদিগকে সর্টিফিকট দেওয়া গিয়াছিল তাহারা ইমতিহানের সময়ে কালেজে ভর্ত্তি হওনের অযোগ্য বোধ হওয়াতে তাহারদিগের আশাভঙ্গ ও খরচ ও ক্লেশ হইয়াছে এবং এইরূপ বিঘ্ন উত্তর কালে না হয় এই নিমিত্তে উপরের উক্ত হুকুম দেওয়া গেল।

৩। কালেজে ভর্ত্তি হওনের আকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ফোর্ট উলিয়ম কালেজের পরীক্ষক সাহেবেরদের নিকটে পাঠাইবার নিমিত্তে তাহারদের এক উপযুক্ত চেহারা লিখিত হয় এজন্যে ইমতিহানের দিনের অন্যূন তিন দিন পূর্ব্বে মেডিকাল কালেজের সেক্রেটারী সাহেবের সম্মুখে তাহারা উপস্থিত হয়।

৪। ছাত্রেরদের নিপুণতা সমান হইলে যাহারা সিবিল কিম্বা সৈন্যসম্পর্কীয় হাসপাটালে ভুক্ত হইয়াছিল কিম্বা কর্ম্ম করিয়াছিল তাহারাই প্রথমে মনোনীত হইবেক।

৫। পদাকাঙ্ক্ষি যে কোন ছাত্র আপন সদ্ব্যবহার ও সদাচারিতার বিষয়ে লিখিত সর্টিফিকট দাখিল করিতে না পারে কিম্বা সে কে ও কি প্রকার ব্যক্তি এই বিষয়ে খাতিরজমামতে প্রমাণ দিতে না পারে এমত কোন পদাকাঙ্ক্ষী ইমতিহানের জন্যে উপস্থিত হইতে পারিবেক না। সম্প্রতি অতি দুষ্টাচারি কএক জন বোধ হয় জালকরা

obtain admittance, it is supposed by producing false papers; the strictest care and scrutiny will, therefore, be exercised in examining the credentials of all future candidates.

6. All pupils must, as a condition of their appointment, reside within the college premises at all times, and never be absent from morning and evening muster without special leave.

7. All students in the Military Class are amenable to the Articles of War, and regularly enlisted as Soldiers.

8. No candidate will be admitted to the school who is physically unfit for the duties of a soldier.

By order of the Hon'ble the President and Council of Education.

FRED. J. MOUAT, M. D., *Secretary*.

Fort William, January 26th, 1847.

সর্টিফিকট দাখিল করিয়া কালেজে ভর্ত্তি হইয়াছে অতএব উত্তর কালে সকল পদাকাঙ্ক্ষির সর্টিফিকট পরীক্ষাকরণের বিষয়ে অতিশয় সাবধানতা ও সূক্ষ্ম অনুসন্ধান হইবেক।

৬। সকল ছাত্রের আবশ্যক যে তাহারা নিত্য কালেজে বাস করে এবং বিশেষ অনুমতি না পাইয়া সকালে ও সায়ংকালে নাম ডাকা যাইবার সময়ে কখনো গরহাজির না হয় এই নিয়মেতে তাহারা পদে নিযুক্ত হইবেক।

৭। মিলেটারীসম্পর্কীয় সম্প্রদায়ের সকল ছাত্র যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হইবেক এবং সিপাহীস্বরূপ তাহারদের নাম রীতিমতে ফিরিস্তিতে লেখা যাইবেক।

৮। ঐ পদাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি শরীরের দোষপ্রযুক্ত সিপাহীর কর্ম্ম করিতে না পারে সে গ্রাহ্য হইবেক না।

বিদ্যাধ্যাপনের কমিটির শ্রীযুত অনরবিল প্রসীডেন্ট সাহেবের এবং কৌন্সেলের হুকুমক্রমে প্রকাশিত।

এফ জে মৌআট। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৪৭। ২৬ জানুআরি।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 22d January, 1847.

Baboo Gopeekishen Bundopadhya, to be Acting Moonsiff of Ranaghat, Zillah Nuddea, during the absence of the Incumbent.

The 28th January, 1847.

Baboo Russicklal Ghose, to be Acting Moonsiff of Sonamgunge, Zillah Sylhet, during the absence on leave of the incumbent.

Baboo Birjokishore Chuckerbutty, to be Acting Moonsiff of Bazeetpore, Zillah Mymensingh.

LEAVES OF ABSENCE.

The 15th January, 1847.

Baboo Govind Chand Bose, Moonsiff of Roopgunge, Zillah Dacca, for 20 days from 2d instant.

Baboo Taruckchunder Ghose, Moonsiff of Mahanaud, Zillah Hooghly, for 22 days in excess of the Mohurrum Vacation.

Moonshee Nuzzirooddeen Mahomed, Moonsiff of Parkool, Zillah Sylhet, for two months, in extension of that granted on the 18th September last.

The 22d January, 1847.

Syed Tuffazool Ruhman, late Acting Moonsiff of Munglecote, East Burdwan, and now Moonsiff of Ranaghat, Zillah Nuddea, for two months from the 6th instant.

Baboo Banymadhub Soom, Moonsiff of Kuddumgatchee, for 2 weeks.

Moulvy Mauzum Hossein, Moonsiff of Madhubgunge, Zillah West Burdwan, for seven days beyond the period of the late Mohurrum Vacation.

Moolvie Mahomed Salim, Moonsiff of Sonamgunge, for five months.

The 28th January, 1847.

Baboo Juggobundhoo Banerjee, Moonsiff of Bishenpore, Zillah West Burdwan, for three weeks beyond the period of the late Mohurrum Vacation.

J. HAWKINS, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২২ জানুআরি।

জিলা নদীয়ার রাণাঘাটের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু গোপীকৃষ্ণবন্দ্যোপাধ্যায় ঐ স্থানের এক্‌টিং মুনসেফ হইবেন।

১৮৪৭ সাল ২৮ জানুআরি।

জিলা ছিলটের সোনামগঞ্জের মুনসেফের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু রসিকলাল ঘোষ ঐ স্থানের এক্‌টিং মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ব্রজকিশোর চক্রবর্ত্তী জিলা ময়মুনসিংহের বাজিৎপুরের এক্‌টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ১৫ জানুআরি।

জিলা ঢাকার রূপগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচাঁদ বসু বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর মহানাদের মুনসেফ শ্রীযুত বাবু তারকচন্দ্র ঘোষ মহরমের বন্দের অতিরিক্ত বাইশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা ছিলটের পারকুলের মুনসেফ শ্রীযুত মুনশী নাজিরুদ্দীন মহম্মদ গত সেপ্টেম্বর মাসের ১৮ তারিখে যে ছুটী পান্ তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২২ জানুআরি।

পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের সাবেক এক্‌টিং মুনসেফ এক্ষণে জিলা নদীয়ার রাণাঘাটের মুনসেফ শ্রীযুত সৈয়দ তফজুল রহমান বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

কদম্বগাছীর মুনসেফ শ্রীযুত বাবু বেণিমাধব সোম দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন গত মহরমের বন্দের অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

সোনামগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ সালীম পাঁচ মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৮ জানুআরি।

পশ্চিম বর্দ্ধমানের বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু জগবন্দু বাঁড়ুয্যা গত মহরমের বন্দের অতিরিক্ত তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জে হকিন্স। রেজিষ্টর।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৪৭। ২ ফেব্রুআরি।]

রাজকর্ম্মে নিয়োগ।

১৪৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল্ল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২০ জানুআরি।

ভাগলপুরের কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ সি ওয়াটসন সাহেব (Mr. W. C. Watson,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জান কলপয়স স্মিথ সাহেব (Mr. John Colpoys Smith,) পুরীতে সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক এবং নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এম হৌয়েল সাহেব (Mr. W. M. Howell,) ত্রিহুতে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৭ সাল ২২ জানুআরি।

শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) বেহারের মাজিষ্ট্রেট এবং কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৪৭ সাল ২০ জানুআরি।

ফরক্কাবাদে নিযুক্ত মুরশিদাবাদের মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ নেলসন সাহেব (Mr. H. Nelson,) আপন কর্ম্মের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ জে বেল সাহেবের (Mr. F. J. Bell,) প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

হিজলীর নিমকের একটিং এজেণ্ট শ্রীযুত জে এচ ক্রাফর্ড সাহেব (Mr. J. H. Crawford,) পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৭ সাল ২০ জানুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এচ এম রীড সাহেব (Mr. H. M. Reid,) বর্ত্তমান বৎসরে নিয়মিত ছুটী লইতে অনুমতি পাইয়াছেন।

১৮৪৭ সাল ২৩ জানুআরি।

আক্যাবে নিযুক্ত আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এ পি ফেরু সাহেব (Captain A. P. Phayre,) সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনার্থ গত মাসের ৭ তারিখে আপন কর্ম্মের ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেবের (Lieutenant G. Faithful,) প্রতি অর্পণ করেন্ এবং ঐ মাসের ২৪ তারিখে সেই কর্ম্ম পুনর্গ্রহণ করেন্।

বেহারের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল আর ফরবস সাহেব (The Hon'ble R. Forbes,) বর্ত্তমান মাসের ১৪ তারিখে আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৭ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত জে সি ডডসন সাহেব (Mr. J. C. Dodgson,) পাবনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেব (Mr. C. W. McKillop,) ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী মুআজিম হুসেন ভাগলপুরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী উর্সাফ আলী দিনাজপুরের প্রধান সদর আমীন হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৭ সাল ২৭ জানুআরি।

